



# Daily Monitoring Report

Directorate of Monitoring  
Bangladesh Betar, Dhaka  
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 01, 1432 Bangla, February 14, 2026, Saturday, No. 45, 56<sup>th</sup> year

## HIGHLIGHTS

BNP has secured an absolute majority to form government in 13th national parliamentary election. According to unofficial results released by Election Commission, the party has won a total of 209 seats.

[BBC: 04]

According to the results of the Election Commission, Jamaat-e-Islami is in second place. They have won 68 seats. Jamaat-e-Islami's ally National Citizens Party-NCP has won 6 seats. [DW: 08]

However, BNP has secured two-thirds majority in parliament, many questions have arisen about how the new govt. will be formed or what process of transferring power to it will be. [BBC: 04]

Indian PM Narendra Modi has conveyed his warm congratulations to Tarique Rahman from his official X handle expressing interest in working closely with the new leadership to strengthen bilateral cooperation & shared development goals. [DW: 08]

US Embassy in Dhaka has congratulated BNP Chairman Tarique Rahman for the party's historic victory in the National polls. The US looks forward to working with BNP to realize shared goals of prosperity & security for both countries, it added. [R. Today: 16]

The Chinese Embassy in Dhaka has congratulated the people of Bangladesh on the successful conduct of the 13th Parliamentary Election & expressed readiness to work with the new BNP govt. [Jago FM: 09]

UK has congratulated BNP Chairman Tarique Rahman on his party's election victory, expressing readiness to work with the new govt on shared priorities including economic growth, migration, climate & security. [R. Today: 15]

Heads of state of many countries including Pakistan, Malaysia and Nepal have congratulated BNP and its chairman Tarique Rahman for achieving an absolute majority in the national elections. [Jago FM: 09]

BNP SG Mirza Fakhrul has said that the biggest challenge for the next govt is revitalizing the economy, maintaining law & order, curbing corruption, and establishing justice. [Jago FM: 12]

The 13th national election was marked by clear "rigging", and results were "altered" in specific constituencies, Nahid Islam, convener of NCP, has alleged. [Jago FM: 12]

Jamaat-e-Islami has alleged, more than 50 Jamaat workers & supporters were injured & houses were vandalized in 6 parliamentary constituencies of Jessore in post-election violence. At least 35 people were injured in retaliatory attacks & clashes at different places in Bagerhat. [Jago FM: 14 & 15]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**  
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**  
**ফাল্গুন ০১, বাংলা ১৪৩২, ফেব্রুয়ারি ১৪, ২০২৬, শনিবার, নং- ৪৫, ৫৬তম বছর**

## শিরোনাম

ত্রয়োদশ সংসদ নির্বাচনে বিএনপি সরকার গঠনের জন্য নিরক্ষুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে। নির্বাচন কমিশনের দেওয়া  
বেসরকারি ফল অনুযায়ী, দলটি মোট ২০৯টি আসনে জয়লাভ করেছে। [বিবিসি: ০৮]

নির্বাচন কমিশন এর ফলাফল অনুসারে দ্বিতীয় অবস্থানে আছে জামায়াতে ইসলামী। তারা পেয়েছে ৬৮টি আসন।  
জামায়াতে ইসলামীর জোটসঙ্গী জাতীয় নাগরিক পার্টি-এনসিপি ৬টি আসনে জয়লাভ করেছে। [ডয়চে ভেলে: ০৮]

বিএনপি সরকার গঠনের জন্য প্রয়োজনীয় সংখ্যাগরিষ্ঠতা অর্জন করলেও নতুন সরকার গঠন হবে কীভাবে বা তার  
কাছে ক্ষমতা হস্তান্তর প্রক্রিয়া কী হবে, তা নিয়ে নানা প্রশ্ন তৈরি হয়েছে। [বিবিসি: ০৮]

নির্বাচনে বিএনপির বিশাল জয় পাওয়ায় এক্স হ্যান্ডেল থেকে তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়ে ভারতের প্রধানমন্ত্রী  
নরেন্দ্র মোদী বলেছেন, দুই দেশের যৌথ উন্নয়নমূলক কাজে তারেক রহমানের সঙ্গে কাজ করতে তিনি আগ্রহী।  
[ডয়চে ভেলে :০৮]

তাকার মার্কিন দূতাবাস সংসদ নির্বাচনে বিজয়ের জন্য বিএনপি চেয়ারম্যান তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়ে  
বলেছে, দুই দেশের সমৃদ্ধি ও নিরাপত্তার অভিন্ন লক্ষ্য বাস্তবায়নে বিএনপির সাথে কাজ করার জন্য যুক্তরাষ্ট্র আগ্রহী।  
[রে.টুডে: ১৬]

সংসদ নির্বাচন সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন হওয়ায়, চীনের পক্ষ থেকে বাংলাদেশের জনগণকে অভিনন্দন জানানো  
হয়েছে। চীন জানিয়েছে, তারা বাংলাদেশের নতুন বিএনপি সরকারের সঙ্গে একসঙ্গে কাজ করতে প্রস্তুত।

[জাগো এফএম: ০৯]

বিএনপি চেয়ারম্যান তারেক রহমানকে নির্বাচনি জয়ে শুভেচ্ছা জানিয়ে ব্রিটিশ হাইকমিশন বলেছে, তারা আগামীতে  
অংশীদারিত্বের ভিত্তিতে একসঙ্গে অর্থনৈতিক প্রবৃদ্ধি, অভিবাসন, জলবায়ু ও নিরাপত্তা বিষয়ে কাজ করতে প্রস্তুত।  
[রে. টুডে: ১৫]

জাতীয় সংসদ নির্বাচনে নিরক্ষুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করায় বিএনপি ও দলটির চেয়ারম্যান তারেক রহমানকে  
অভিনন্দন জানিয়েছে পাকিস্তান, মালয়েশিয়া এবং নেপালসহ আরও অনেক দেশের রাষ্ট্রপ্রধানরা।

[জাগো এফএম: ০৯]

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল বলেন, আগামী সরকারের জন্য সবচেয়ে বড়ো চ্যালেঞ্জ হচ্ছে অর্থনীতিকে সচল  
করা, আইন-শৃঙ্খলা পরিস্থিতিকে নিয়ন্ত্রণে রাখা, দুর্নীতি নিয়ন্ত্রণ করা এবং ন্যায়বিচার প্রতিষ্ঠা করা।

[জাগো এফএম: ১২]

নির্বাচনে সুস্পষ্টভাবে ফলাফলে কারচুপি করা হয়েছে বলে অভিযোগ করেছেন জাতীয় নাগরিক পার্টির আহ্নায়ক  
নাহিদ ইসলাম। তিনি বলেন, ফলাফল ঘোষণা শুরু হলে নির্দিষ্ট কয়েকটি আসনে ফলাফল পরিবর্তন করা হয়েছে।  
[জাগো এফএম: ১২]

নির্বাচন পরবর্তী সহিংসতায় যশোরের ৬টি সংসদীয় এলাকায় জামায়াতের অর্থশতাধিক কর্মী, সমর্থক আহত ও  
বাড়িঘর ভাঙ্চুরের অভিযোগ করেছে জেলা জামায়াতে ইসলামী। বাগেরহাটের বিভিন্ন স্থানে নির্বাচন পরবর্তী  
সংঘর্ষের ঘটনায় অত্যন্ত ৩৫ জন আহত হয়েছেন। [জাগো এফএম: ১৪ ও ১৫]

## বিবিসি

### **সংসদ নেই, স্পিকার নেই; নতুন সরকারের শপথ কে পড়াবেন?**

নির্বাচনের পর সরকার গঠন করবে কোন দল? উত্তরটা সবাই জানা, যে দল বা জোট বিজয়ী হবে বা সবচেয়ে বেশি সংসদীয় আসন পাবে, তারাই গঠন করবে সরকার। এরই মধ্যে নির্বাচন কমিশন ঘোষিত বেসরকারি ফলাফলে দেখা যাচ্ছে, বিএনপি সরকার গঠনের জন্য প্রয়োজনীয় সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে, অর্থাৎ ১৫০টি আসনের বেশি পেয়েছে। তবে নতুন সরকার গঠন হবে কীভাবে বা তার কাছে ক্ষমতা হস্তান্তর প্রক্রিয়া কী হবে, তা নিয়ে নানা প্রশ্ন তৈরি হয়েছে। সংবিধান অনুযায়ী, এই ক্ষমতা হস্তান্তর প্রক্রিয়া বা নতুন সরকার গঠনের শুরুটা হবে নবনির্বাচিত সদস্যদের শপথ গ্রহণের মাধ্যমে। তবে এই শপথের প্রক্রিয়া নিয়েও এবার তৈরি হয়েছে কিছু অনিশ্চয়তা।

### **শপথ কত দিনের মধ্যে নিতে হয়?**

উত্তরটা হচ্ছে, সাধারণত নির্বাচনের ফল ঘোষণার তিনদিনের মধ্যে শপথ পড়ানো হয়। কিন্তু এখানে একটা কথা আছে। সাধারণভাবে নির্বাচন কমিশন থেকে যে বেসরকারি ফল যাওয়া যায় একদিন বা দুইদিনের মধ্যে, সেটা কিন্তু আনুষ্ঠানিক ফলাফল হিসেবে গণ্য হয় না। মানে সেই ফলাফল ঘোষণার তিনদিনের মধ্যে শপথ নিতে হবে, এমনটা নয়। সংবিধানের ১৪৮ অনুচ্ছেদে বলা হয়েছে, নির্বাচনের ফলাফল 'সরকারি গেজেটে প্রজ্ঞাপিত' হতে হবে এবং এরপর তিন দিনের মধ্যে 'নির্বাচিতদের শপথ গ্রহণ হবে। সেক্ষেত্রে বেসরকারি ফলাফল ঘোষণার পর প্রজ্ঞাপন হতে আরো কয়েকটা দিন বাড়তি সময় লাগতে পারে।

প্রধান উপদেষ্টার প্রেস সচিব গণমাধ্যমকে ইতোমধ্যেই জানিয়েছেন, তার মতে নতুন সংসদ সদস্যদের শপথগ্রহণ ১৮ ফেব্রুয়ারির পরে যাবে না। গত ৫ ফেব্রুয়ারি প্রধান উপদেষ্টার প্রেস সচিব এক ব্রিফিংয়ে গণমাধ্যমকে বলেন, "সবচেয়ে দ্রুত সময়ে (ক্ষমতা) হস্তান্তর হবে। এটা তিনদিনের মধ্যে হয়ে যেতে পারে। ১৫, ১৬ ফেব্রুয়ারিতে হতে পারে। আমার মনে হয় না এটি ১৭, ১৮ ফেব্রুয়ারির পরে যাবে।" সেক্ষেত্রে এটা স্পষ্ট যে, সব ঠিক থাকলে নির্বাচনের পরে ছয়দিনের মধ্যেই নতুন সরকার গঠনের প্রক্রিয়া শুরু হতে পারে।

### **নির্বাচিত সদস্যদের শপথ কে পড়াবেন?**

শপথ কে পড়াবেন এই প্রশ্ন উঠচ্ছে, কারণ নিয়ম অনুযায়ী অতীতে নতুন সংসদ সদস্যদের শপথ পড়িয়েছেন মূলত জাতীয় সংসদের স্পিকার। কিন্তু চবিশের ছাত্র-জনতার অভ্যর্থনার পর পরিবর্তিত পরিস্থিতিতে সংসদ নেই, স্পিকারও নেই। এমনকি ডেপুটি স্পিকারও কারাগারে। তাহলে উপায় কী আছে? এক্ষেত্রে আবারও যেতে হবে সংবিধানের ১৪৮ অনুচ্ছেদে। যেখানে বলা হয়েছে, "সংসদ সদস্যদের সাধারণ নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রজ্ঞাপিত হইবার তারিখ হইতে পরবর্তী তিনদিনের মধ্যে এই সংবিধানের অধীন এতদুদেশ্যে নির্দিষ্ট ব্যক্তি বা তদুদেশ্যে অনুরূপ ব্যক্তি কর্তৃক নির্ধারিত অন্য কোনো ব্যক্তি যে-কোনো কারণে নির্বাচিত সদস্যদের শপথ পাঠ পরিচালনা করিতে ব্যর্থ হইলে বা না করিলে, প্রধান নির্বাচন কমিশনার উহার পরবর্তী তিনদিনের মধ্যে উক্ত শপথ পাঠ পরিচালনা করিবেন, যেন এই সংবিধানের অধীন তিনিই ইহার জন্য নির্দিষ্ট ব্যক্তি।" এই অনুচ্ছেদে মূলত দুটি উপায় বলা হয়েছে। এক. রাষ্ট্রপতি শপথ পাঠ করানোর জন্য কাউকে মনোনীত করতে পারেন। দুই. যদি তিনদিনের মধ্যে রাষ্ট্রপতির মনোনীত ব্যক্তি শপথ করাতে না পারেন, তাহলে তখন প্রধান নির্বাচন কমিশনার পরবর্তী তিনদিনের মধ্যে শপথ পাঠ করাবেন।

এ বিষয়ে অন্তবর্তীকালীন সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুল গত ৫ ফেব্রুয়ারি গণমাধ্যমের সঙ্গে কথা বলেন। সে সময় তিনি জানান, নির্বাচনের পর দ্রুত ক্ষমতা হস্তান্তর করতে চায় সরকার। তিনি বলেন, "এটা সরকারের নীতিগত পর্যায়ের সিদ্ধান্ত। আমাদের সামনে দুটি অপশন আছে। একটা হচ্ছে, রাষ্ট্রপতি মনোনীত কোনো ব্যক্তি শপথ গ্রহণ করা পারেন। উদাহরণ হিসেবে হয়ত আমাদের প্রধান বিচারপতি হতে পারেন।" "আর এটা যদি না হয়, তাহলে আমাদের প্রধান নির্বাচন কমিশনার আছেন, তিনিই শপথ গ্রহণ করাবেন। এ ক্ষেত্রে একটি সমস্যা আছে, তিনদিন অপেক্ষা করতে হবে। আমরা আসলে অপেক্ষা করতে চাই না, আমরা নির্বাচন হওয়ার পর যত দ্রুত সম্ভব শপথ গ্রহণের ব্যবস্থা করতে চাই," বলেন তিনি।

### **শপথের পর ক্ষমতা কে, কীভাবে পাবেন?**

শপথের বিষয়টির সমাধান হয়ে গেলেও আরো কিছু প্রশ্ন থেকে যায়। ক্ষমতা কে, কীভাবে পাবেন, অর্থাৎ সরকার গঠন কে করবেন? এখানে এই প্রক্রিয়াটি হবে রাষ্ট্রপতির মাধ্যমে। তিনি, অর্থাৎ রাষ্ট্রপতি, যে দল বা জোট এককভাবে সংখ্যাগরিষ্ঠ আসনে জিতেছে, অর্থাৎ ১৫১টি বা তার বেশি আসনে জয়ী হয়েছে, তাকেই সরকার গঠনের জন্য আহ্বান জানাবেন। এখানে দলকে আমন্ত্রণ জানানো মানে দলের নেতাকে আমন্ত্রণ জানানো। তিনি সংখ্যাগরিষ্ঠের আস্থাভাজন হিসেবে প্রথমে সংসদ নেতা হবেন এবং এরপর আমন্ত্রণ পেয়ে নতুন সরকার গঠন করবেন। তাকে প্রধানমন্ত্রী হিসেবে শপথ এবং নিয়োগ দেবেন রাষ্ট্রপতি। সংবিধানের ৫৬ অনুচ্ছেদে বিষয়টা বর্ণনা করা আছে এভাবে, "যে সংসদ-সদস্য সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন বলিয়া রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হইবেন, রাষ্ট্রপতি তাহাকে প্রধানমন্ত্রী নিয়োগ করিবেন।" মূলত, প্রধানমন্ত্রী এবং মন্ত্রিসভার সদস্যরা শপথ নেওয়ার সঙ্গে সঙ্গে তারা ওই পদগুলোর ক্ষমতা স্বয়ংক্রিয়ভাবে পেয়ে যাবেন। এর মধ্যদিয়েই আগের সরকারের ক্ষমতা হস্তান্তরিত হয়ে গঠিত হয়ে যাবে নতুন সরকার। সংবিধান অনুযায়ী শপথগ্রহণ হয়ে গেলেই তিনি দায়িত্ব গ্রহণ করেছে বলে গণ্য হবে। সংবিধানের ১৪৮ অনুচ্ছেদে বলা

হয়েছে, “এই সংবিধানের অধীন যে ক্ষেত্রে কোনো ব্যক্তির পক্ষে কার্যভার গ্রহণের পূর্বে শপথগ্রহণ আবশ্যিক, সেই ক্ষেত্রে শপথগ্রহণের অব্যবহিত পর তিনি কার্যভার গ্রহণ করিয়াছেন বলিয়া গণ্য হইবে।”

(বিবিসি ওয়েব পেজ : ১৩.০২.২০২৬ আলী আহমেদ)

### **দুই তৃতীয়াংশ আসনে জয়, দুই দশক পর যেভাবে ক্ষমতায় ফিরছে বিএনপি**

বাংলাদেশে ত্রয়োদশ সংসদ নির্বাচনে দেশের অন্যতম প্রধান রাজনৈতিক দল বিএনপি সরকার গঠনের জন্য নিরক্ষুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে। নির্বাচন কমিশনের দেওয়া বেসরকারি ফল অনুযায়ী, দলটি সংসদের দুই তৃতীয়াংশ আসনে জয় পেয়েছে। দলটি এবারই প্রথম বর্তমান চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে নির্বাচনে অংশ নিল এবং মি. রহমান নিজেও এবার প্রথমবারের মতো সংসদ সদস্য নির্বাচিত হলেন। তিনি ঢাকা ও বগুড়ার দুটি আসন থেকে নির্বাচিত হয়েছেন। ফলে বিএনপির আগের ঘোষণা অনুযায়ী, সংখ্যাগরিষ্ঠ দলের প্রধান হিসেবে মি. রহমানই বাংলাদেশের পরবর্তী প্রধানমন্ত্রী হতে যাচ্ছেন। নির্বাচনে বিজয়ের জন্য তিনি ইতোমধ্যেই ভারত ও পাকিস্তানসহ বিভিন্ন দেশের নেতাদের কাছ থেকে অভিনন্দন পেতে শুরু করেছেন। দীর্ঘ সতেরো বছর লঙ্ঘনে রাজনৈতিক আশ্রয়ে থাকার পর তিনি গত ২৫ ডিসেম্বর ঢাকায় ফিরেছিলেন এবং ৩০ ডিসেম্বর তার মা খালেদা জিয়ার মৃত্যুর কয়েকদিন পর তিনি আনুষ্ঠানিকভাবে দলের চেয়ারম্যানের দায়িত্ব নেন। এখন তার নেতৃত্বেই নির্বাচনে দুই তৃতীয়াংশ আসনে বিএনপির জয় নিশ্চিত হলো এবং এর ফলে ২০০৬ সালের অক্টোবরে ক্ষমতা থেকে বিদায় নেওয়ার প্রায় দুই দশক পর দলটি আবার ভোটের মাধ্যমে বাংলাদেশের রাষ্ট্রক্ষমতায় আসতে যাচ্ছে।

এর আগে, ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত বিএনপি নেতৃত্বাধীন চারদলীয় জোট সরকারে ছিল। সেই সরকারের অন্যতম অংশীদার এবং দলটির দীর্ঘদিনের মিত্র রাজনৈতিক দল জামায়াতে ইসলামীর সাথেই এবার নির্বাচনি লড়াই হয়েছে বিএনপির। জামায়াত নেতৃত্বাধীন জোট এ নির্বাচনে এখন পর্যন্ত ৭৮টি আসন পেয়েছে। এর মধ্যে জামায়াতে ইসলামী এককভাবেই ৬৮টি সংসদীয় আসনে বিজয়ী হয়েছে। এবার ২৯৯টি সংসদীয় আসনে নির্বাচন ও গণভোট একইসঙ্গে অনুষ্ঠিত হয়েছে। নির্বাচন কমিশন জানিয়েছে, এই নির্বাচনে ৫৯ দশমিক ৪৪ শতাংশ ভোট পড়েছে। এর মধ্যে দুটি আসনে মামলা নিষ্পত্তি না হওয়া ফল ঘোষণা স্থগিত রেখেছে কমিশন। নিয়মানুযায়ী, নির্বাচন কমিশন নির্বাচিত সংসদ সদস্যদের নামে গোজেট প্রকাশের পরই তাদের শপথ ও পরবর্তী সরকার গঠনের প্রক্রিয়া শুরু হওয়ার কথা।

### **যেভাবে ক্ষমতায় ফিরছে বিএনপি**

বিএনপি চেয়ারম্যান তারেক রহমান এবারই প্রথম দলের নির্বাচনি লড়াইয়ের নেতৃত্ব দিলেন। তার নেতৃত্বেই সংসদ নির্বাচনে দুই তৃতীয়াংশ আসনে জয় পেয়ে দুই দশক পর আবার ক্ষমতায় যাচ্ছে বিএনপি। নির্বাচনের মাত্র মাসখানেক আগে মাঝের মৃত্যুর পর দলটির চেয়ারম্যান হিসেবে অভিযোগ হয়েছিলেন তিনি। এর আগে, দীর্ঘ সতেরো বছর লঙ্ঘনে রাজনৈতিক আশ্রয়ে থাকার পর গত বছরের ২৫ ডিসেম্বর তিনি ঢাকায় ফিরলে দলের পক্ষ থেকে তাকে বর্ণাত্য সংবর্ধনা জানানো হয়। বিএনপির দিক থেকে আগেই বলা হয়েছিল যে, মি. রহমানই ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে তার দলকে নেতৃত্ব দেবেন এবং তিনি নিজেও অংশ নেবেন। যদিও ফেরার আগে তার একটি ফেসবুক স্ট্যাটাসকে কেন্দ্র করে তাকে নিয়ে দলের ভেতরে ও বাইরে উদ্বেগ তৈরি হয়েছিল। নভেম্বরের শেষ দিকে তার মা খালেদা জিয়া যখন অসুস্থ, তখন তার ওই পোস্ট আলোচনার বড় তুলেছিল এবং তিনি ফিরতে পারবেন কি-না, সেই আলোচনায় ও সংশয় তখন তুঙ্গে উঠেছিল। কিন্তু শেষ পর্যন্ত তিনি ২৫ ডিসেম্বর ঢাকায় ফিরে আসেন। এর কয়েকদিন পরেই ৩০ ডিসেম্বর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান খালেদা জিয়া। এরপর ৯ জানুয়ারি দলের জাতীয় স্থায়ী কমিটির বৈঠকে আনুষ্ঠানিকভাবে দলের চেয়ারম্যানের পদে অভিযোগ হন তিনি। শেষ পর্যন্ত তার নেতৃত্বেই দুই তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে দুই দশক পর আবারও রাষ্ট্রক্ষমতা গ্রহণ করতে যাচ্ছে বিএনপি।

এর আগে, ২০০১ সালের নির্বাচনে ক্ষমতায় আসা বিএনপি নেতৃত্বাধীন চারদলীয় জোট সরকারের শেষদিকে ২০০৬ সালে ত্বক্ষাবধায়ক সরকারের প্রধান কে হবেন-এই ইস্যুতে রাজনৈতিক সংকট তুঙ্গে উঠেছিল। তখন আন্দোলনরত আওয়ায়ী লীগ ও সমমন্দির দলগুলো বিচারপতি কে এম হাসানকে পরবর্তী ত্বক্ষাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্ব পালনের জন্য শপথ নেন তৎকালীন রাষ্ট্রপতি প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদ। কিন্তু, এরপরেও রাজনৈতিক সংকট আরও বাড়তে থাকে এবং এ নিয়ে তুমুল সহিংসতার মধ্যে ২০০৭ সালের ১১ জানুয়ারি সেনা সমর্থিত ত্বক্ষাবধায়ক সরকার ক্ষমতা গ্রহণ করেন। ওই সরকারের আমলে গ্রেফতার হয়ে পরে মুক্তি পেয়েছিলেন তখনকার আওয়ায়ী লীগ সভানেত্রী শেখ হাসিনা ও বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়া। সেই সরকারের সময়েই ২০০৭ সালে মার্চে সেনা সমর্থিত ত্বক্ষাবধায়ক সরকারের সময়ে দুর্নীতির অভিযোগে আটক হয়েছিলেন তারেক রহমান। তখন আঠারো মাস কারাগারে থাকার পর ২০০৮ সালের সেপ্টেম্বরে মুক্তি পেয়ে সপরিবারে লঙ্ঘনে চলে গিয়েছিলেন তিনি। এরপর থেকে তিনি সেখানে রাজনৈতিক আশ্রয় পান এবং পরে ধীরে ধীরে সেখান থেকেই দলীয় কর্মকাণ্ডে সক্রিয় হতে শুরু করেন।

এর আগে, ২০০১ সালের সংসদ নির্বাচনের সময়ই দলের ভেতরে সক্রিয় হয়ে উঠতে থাকেন তারেক রহমান। পরে ২০০২ সালের ২২ জুন দলের মধ্যে সিনিয়র যুগ্ম মহাসচিব পদ তৈরি করে তাকে ওই পদে অধিষ্ঠিত করা হয়। এরপর ২০০৯ সালে দলের পঞ্চম জাতীয় সম্মেলনে তিনি সিনিয়র ভাইস চেয়ারম্যান মনোনীত হয়েছিলেন। প্রয়াত মিসেস জিয়া ২০১৮ সালে একটি দুর্নীতি মামলায় কারাদণ্ডে দণ্ডিত হওয়ার পর, লক্ষনে থেকেই দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন মি. রহমান। বিএনপি সরকারের সময়ে প্রধানমন্ত্রীর পুত্র হিসেবে তারেক রহমানের বেশ প্রভাব ছিল। ২০০১ সালে বিএনপি ক্ষমতায় আসার পর খালেদা জিয়া প্রধানমন্ত্রী হলেও, তারেক রহমানই হয়ে উঠেছিলেন সমান্তরাল আরেকটি ক্ষমতার কেন্দ্র, হাওয়া ভবন-কেন্দ্রিক। দুর্নীতির অভিযোগ উঠেছিল মি. রহমান ও তার ঘনিষ্ঠদের বিরুদ্ধেও। যদিও তিনি ও তার দল বিএনপি সব সময় এসব অভিযোগ প্রত্যাখ্যান করে, এগুলোকে তাদের রাজনৈতিক প্রতিপক্ষের 'অপপ্রচার' বলে দাবি করে আসছেন। বিএনপির ওই মেয়াদে, ২০০৪ সালে ঢাকায় তখনকার বিরোধী দলীয় নেতৃ শেখ হাসিনার সমাবেশে গ্রেনেড হামলার জন্যও তারেক রহমান ও হাওয়া ভবনকেই দায়ী করেছিল আওয়ামী লীগ। পরে আওয়ামী লীগ আমলে এ সংক্রান্ত মামলার আসামিও করা হয়েছিল তারেক রহমানকে, যাতে তার যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছিল। আওয়ামী লীগ সরকারের পতনের পর এসব মামলা থেকে অব্যাহতি পেয়েছেন তারেক রহমান। এবার মি. রহমানের নেতৃত্বে বিএনপিকে মূলত লড়তে হয়েছে জামায়াতে ইসলামীর বিরুদ্ধে। দলটি ২০০১ সালের সরকারে বিএনপির সবচেয়ে বড়ো মিত্র ছিল।

### **ভিষ্ণু প্রেক্ষাপট ও সংসদ নির্বাচনের ফল**

বিএনপি এবার নির্বাচনের মাধ্যমে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করলেও, এই নির্বাচনে ছিল না দলটির দীর্ঘকালের প্রতিদ্বন্দ্বী আওয়ামী লীগ। ২০২৪ সালের আগস্টে আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকে শেখ হাসিনা ও তার দলের অনেক নেতা ভারতে অবস্থান করছেন। আর দলটির যে-সব নেতা দেশে ছিলেন, তাদের প্রায় সবাইকেই গ্রেফতার করে কারাগারে রেখেছে অস্তবর্তী সরকার। দলটির কার্যক্রমও নিষিদ্ধ করেছে সরকার। ফলে এই নির্বাচনে দলটি অংশ নিতে পারেনি। এমন প্রেক্ষাপটে নির্বাচনে বিএনপির লড়াই হয়েছে পুরোনো মিত্র জামায়াতে ইসলামীর সাথে। যদিও দলটি বিএনপির সাথে এ নির্বাচন লড়াইয়ে খুব একটা সুবিধা করতে পারেনি। যদিও নির্বাচনে তাদের আসন সংখ্যা কিছুটা বেড়েছে। নির্বাচন কমিশনের ঘোষিত ফল অনুযায়ী, বিএনপি ও তার মিত্ররা মিলে এখন পর্যন্ত ২১২টি আসনে জয়লাভ করেছেন। আরও কয়েকটি আসনে ফলাফল ঘোষণা এখনো বাকি রয়েছে। এছাড়া, দলীয় মনোনয়ন না পেয়ে স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচন করে জয়লাভ করেছেন কয়েকজন বিএনপি নেতা। যদিও দলীয় সিদ্ধান্ত না মানায় তাদের ইতোমধ্যেই দল থেকে বহিক্ষণ করা হয়েছে। বৃহস্পতিবার অনুষ্ঠিত নির্বাচনে তারেক রহমান ছাড়াও, দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ দলটির সিনিয়র নেতাদের ঘারা নির্বাচন করেছিলেন, তারা প্রায় সবাই ভোটে জয়লাভ করেছেন।

বিএনপি এই নির্বাচনে ২৯২টি আসনে এককভাবে প্রার্থী দিয়েছিলে এবং সমমনা দলগুলোকে বাকি আটটি আসন ছেড়ে দিয়েছিল। তবে দলটির কুমিল্লা-৪ আসনের প্রার্থী মনজুরুল আহসান মুসি প্রার্থিতা বাতিল হয়েছিল ঝণখেলাপি হওয়ার কারণে। নির্বাচন কমিশনের ঘোষণা অনুযায়ী, বিএনপির সমমনা দলগুলোর মধ্যে আন্দালিভ রহমান পার্থ, জোনায়েদ সাকি এবং নূরুল হক বিজয়ী হয়েছেন। অন্যদিকে, বিএনপির প্রধান প্রতিপক্ষ জামায়াতে ইসলামী জোট ৭৭ আসনে জিতলেও, দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার এবং সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আয়াদ এই নির্বাচনে হেরে গেছেন। তবে জামায়াত জোটে থাকা এনসিপির নাহিদ ইসলাম, আখতার হোসেন, হাসনাত আবদুল্লাহ, আবদুল হামান মাসউদ, আবদুল্লাহ আল আমিন ও আতিকুর রহমান মোজাহিদ এই নির্বাচনে বিজয়ী হয়েছেন। ওদিকে, বিএনপিরই বিদ্রোহী নেতাদের মধ্যে রুমিন ফারহানা ব্রাক্ষণবাড়িয়া-২, এজেডএম রেজওয়ানুল হক দিনাজপুর-৫, আতিকুল আলম শাওন কুমিল্লা-৭ এবং সালমান ওমর রুবেল ময়মনসিংহ-১ আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে জয়লাভ করেছেন।

### **নির্বাচনের ফল নিয়ে দুই দলের প্রাথমিক প্রতিক্রিয়া**

বাংলাদেশ জামায়াতে ইসলামীর অফিসিয়াল ফেসবুক পেজে করা পোস্টে নির্বাচনের স্বচ্ছতা নিয়ে প্রশ্ন তুলেছে দলটি। পোস্টে বলা হয়, নির্বাচনের ফলাফল তৈরি ও ঘোষণার ধরন জামায়াতের কাছে পরিষ্কার নয়। অনেক জায়গায় দলটির প্রার্থীরা অল্প ভোটের ব্যবধানে রহস্যজনকভাবে হেরে গেছেন। ফলাফলে বারবার গরমিল ও সাজানো মনে হয়েছে জামায়াতের। প্রশাসন নিরপেক্ষ ভূমিকা পালন করেনি বলে দাবি করেছে দলটি। সেই সাথে জোটের পরবর্তী ঘোষণা না আসা পর্যন্ত অপেক্ষা ও ধৈর্য ধরার অনুরোধ করা হয়েছে জামায়াতের পক্ষ থেকে। অন্যদিকে, বিএনপির নির্বাচন পরিচালনা কমিটির মুখ্যপ্রত্ব ও দলীয় চেয়ারম্যানের উপদেষ্টা মাহদী আমিন নির্বাচনে বিএনপির বিজয় নিয়ে অনুভূতি জানাতে গিয়ে বলেছেন, “এই বিজয় গণতন্ত্রে, এই বিজয় বাংলাদেশের।” দলের গুলশান কার্যালয়ের বাইরে সাংবাদিকদের সামনে তিনি বলেন, “আমরা বিশ্বাস করি জনগণের যে আস্তা, বিশ্বাস, ভালোবাসা, আমাদের নেতা তারেক রহমান পেয়েছেন, তিনি প্রধানমন্ত্রী হিসেবে প্রতিটি মানুষের অধিকার ও স্বাধীনতা নিশ্চিত করবেন।”

(বিবিসি ওয়েব পেজ : ১৩.০২.২০২৬ আলী আহমেদ)

## মিত্র, স্বতন্ত্র আর বিদ্রোহী প্রার্থীদের মধ্যে কে কোন আসনে জিতলেন?

বাংলাদেশে জাতীয় নির্বাচনে বিজয়ী বিএনপি সংসদে সরকারি দলের আসনে এবং বিরোধী দলের আসনে বসতে যাচ্ছে জামায়াতে ইসলামী। এই দুই রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের বাইরে নির্বাচিতদের মধ্যে আছেন জোট, স্বতন্ত্র, আর দলের সিদ্ধান্ত অমান্য করা বিদ্রোহী প্রার্থীরাও। নির্বাচনে ব্রাক্ষণবাড়িয়া-২ আসনে হাঁস প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করে জয়ী হয়েছেন আলোচিত নারী প্রার্থী রূমিন ফারহানা। নিজ দল বিএনপির কাছ থেকে মনোনয়ন না পেয়ে বিদ্রোহী প্রার্থী হিসেবে স্বতন্ত্র নির্বাচনের সিদ্ধান্ত নেন তিনি। পরে দল থেকে তাকে বহিক্ষারও করা হয়। নির্বাচনে রূমিন ফারহানা পেয়েছেন ১ লাখ ১৮ হাজার ৫৪৭ ভোট। তিনি তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জুনায়েদ আল হাবিবের চেয়ে ৩৭ হাজার ৫৬৮ ভোট বেশি পেয়েছেন। জুনায়েদ বিএনপির জোট শরিক জমিয়তে উলামায়ের প্রার্থী হিসেবে নির্বাচনে দাঁড়িয়ে পেয়েছেন ৮০ হাজার ৮৩৪ ভোট। দিনাজপুর-৫ আসন থেকে তালা প্রতীক নিয়ে জয়ী হয়েছেন আরেক স্বতন্ত্র প্রার্থী এ জেড এম রেজওয়ানুল হক। বিএনপির মনোনয়ন না পেয়ে স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে দাঁড়ান তিনি। পেয়েছেন ১ লাখ ১৩ হাজার ৬৫০ ভোট। আর তার নিকটতম প্রতিদ্বন্দ্বী শাপলা কলি প্রতীকে নির্বাচন করা মো. আব্দুল আহাদ পেয়েছেন ১ লাখ ৮ হাজার ৯৪৮ ভোট। ময়মনসিংহ-১ আসনে ঘোড়া প্রতীক নিয়ে জয়ী হয়েছেন মোহাম্মদ সালমান ওমর, পেয়েছেন ১ লাখ ৭ হাজার ২৪১ ভোট। তিনিও বিএনপির থেকে মনোনয়নবর্ধিত হয়ে বিদ্রোহী প্রার্থী হিসেবে স্বতন্ত্র ভোট করেন। তাকেও দল থেকে বহিক্ষার করা হয়। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির সৈয়দ এমরান সালেহ পেয়েছেন ১ লাখ ৭৩৬ ভোট।

হাঁস প্রতীক নিয়ে স্বতন্ত্র প্রার্থী হিসেবে কিশোরগঞ্জ-৫ আসন থেকে জয়ী হয়েছেন শেখ মজিবুর রহমান ইকবাল। তিনি পেয়েছেন ৭৯ হাজার ২১০ ভোট। এই আসনে শুরুতে বিএনপির মনোনয়ন পান তিনি। পরে চূড়ান্তভাবে ধানের শীষ দেওয়া হয় সৈয়দ এহসানুল হুদাকে, যিনি নিকটতম প্রতিদ্বন্দ্বী হিসেবে পেয়েছেন ৬৬ হাজার ১১৮ ভোট। মনোনয়ন বর্ধিত হয়ে স্বতন্ত্র প্রার্থী হলে মি. ইকবালকে দল থেকে বহিক্ষার করা হয়। কুমিল্লা-৭ আসনে জয়ী হয়েছেন কলস প্রতীক নিয়ে নির্বাচন করা স্বতন্ত্র প্রার্থী আতিকুল আলম। তিনি উপজেলা বিএনপির সভাপতি ছিলেন। এলডিপির মহাসচিব রেদোয়ান আহমেদ বিএনপিতে যোগ দিয়ে ধানের শীষ পান। মনোনয়ন না পেয়ে মি. আলম বিদ্রোহী প্রার্থী হিসেবে স্বতন্ত্র ভোটে দাঁড়ালে দল থেকে তাকে বহিক্ষার করা হয়। তিনি পেয়েছেন ৯১ হাজার ৬৯০ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির রেদোয়ান আহমেদ পেয়েছেন ৪৮ হাজার ৫০৯ ভোট। চিঠ্ঠি প্রতীক নিয়ে চাঁদপুর-৪ আসন থেকে জয়ী হয়েছেন স্বতন্ত্র প্রার্থী মো. আব্দুল হামান, পেয়েছেন ৭৩ হাজার ৫৯৯ ভোট। তিনিও বিএনপির বিদ্রোহী প্রার্থী ছিলেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির মো. হারুনুর রশিদ পেয়েছেন ৬৭ হাজার ৮৩৩ ভোট। টাঙ্গাইল-৩ আসনে মোটর সাইকেল প্রতীক নিয়ে বিএনপির বিদ্রোহী ও স্বতন্ত্র প্রার্থী মো. লুৎফর রহমান খান আজাদ পেয়েছেন ১ লাখ ৭ হাজার ৯০১ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির এস এম ওবায়দুল হক পেয়েছেন ৮২ হাজার ৭৬৯ ভোট।

এছাড়া, বরগুনা-১ আসনে নির্বাচিত হয়েছেন ইসলামী আন্দোলনের মনোনীত হাতপাখা প্রতীকের প্রার্থী মো. অলি উল্লাহ। তিনি পেয়েছেন ১ লাখ ৩৮ হাজার ৫১০ ভোট। আর নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির মো. নজরুল ইসলাম মোল্লা পেয়েছেন ১ লাখ ৩৪ হাজার ৩০৭ ভোট।

### বিএনপির সাথে থাকা মিত্র দলের তিন প্রার্থী

পটুয়াখালী-৩ আসনে জয়ী হয়েছেন বিএনপি জোটে থাকা গণঅধিকার পরিষদের মো. নুরুল হক। ট্রাক প্রতীক নিয়ে নির্বাচন করা এই প্রার্থী পেয়েছেন ৯৭ হাজার ৩২৩ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিলেন স্বতন্ত্র প্রার্থী মো. হাসান মামুন। তিনি পেয়েছেন ৮১ হাজার ৩৬১ ভোট। ভোলা-১ আসনে জয়ী হয়েছেন একই জোটের প্রার্থী আন্দালিভ রহমান। গরুর গাড়ি প্রতীক নিয়ে বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপি থেকে নির্বাচনে দাঁড়ানো এই প্রার্থী পেয়েছেন ৪ লাখ ৬ হাজার ৫৬৭ ভোট। আর তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জামায়াতে ইসলামীর মো. নজরুল ইসলাম পেয়েছেন ১ লাখ ৯৬ হাজার ৪৭৫ ভোট। ব্রাক্ষণবাড়িয়া-৬ আসনে জয়ী হয়েছেন গণসংহতি আন্দোলনের মো. জোনায়েদ আব্দুর রহিম সাকি। মাথাল প্রতীক নিয়ে প্রতিদ্বন্দ্বিতা করা এই প্রার্থী পেয়েছেন ৯৫ হাজার ৩৪২ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জামায়াতে ইসলামীর মো. মহসীন পেয়েছেন ৩৯ হাজার ৯৬৭ ভোট।

### জামায়াত জোটের জয়ী প্রার্থীরা

রংপুর-৪ আসন থেকে শাপলা কলি প্রতীক নিয়ে জয়ী হয়েছেন জাতীয় নাগরিক পার্টি- এনসিপির প্রার্থী আখতার হোসেন। জামায়াতে ইসলামীর সাথে আসন সমরোতা করা দলটির এই প্রার্থী পেয়েছেন ৫ লাখ ৯ হাজার ৯০৫ ভোট। আর তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি থেকে নির্বাচন করা মোহাম্মদ এমদাদুল হক ভরসা পেয়েছেন ১ লাখ ৪০ হাজার ৫৬৪ ভোট। কুমিল্লা-৪ আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করা দলটির প্রার্থী মো. আবুল হাসনাত পেয়েছেন ১ লাখ ৬৬ হাজার ৫৮৩ ভোট। গণঅধিকার পরিষদ থেকে নির্বাচন করা তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মো. আবদুল জসিম উদ্দিন পেয়েছেন ৪৯ হাজার ৮৮৫ ভোট। একই দল থেকে ঢাকা-১১ আসনে জয়ী হয়েছেন নাহিদ ইসলাম। তিনি পেয়েছেন ৯৩ হাজার ৮৭২ ভোট। বিএনপি থেকে নির্বাচন করে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী এম এ কাইয়ুম পেয়েছেন ৯১ হাজার ৮৩৩ ভোট। কুড়িগ্রাম-২ আসন থেকে জয়ী হয়েছেন এনসিপির প্রার্থী আতিকুর রহমান মোজাহিদ। তিনি পেয়েছেন ১ লাখ ৭৮

হাজার ৮৬৯ ভোট। আর তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির মো. সোহেল হোসনাইন কায়কোবাদ পেয়েছেন ১ লাখ ৭০ হাজার ৩৩৫ ভোট। নোয়াখালী-৬ আসনে জিতেছেন আব্দুল হানান মাসউদ। তিনি পেয়েছেন ৯১ হাজার ৮৯৯ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির মোহাম্মদ মাহবুবের রহমান পেয়েছেন ৬৪ হাজার ২১ ভোট। দলটির আরেক প্রার্থী আব্দুল্লাহ আল আমিন ভোট করেছেন নারায়ণগঞ্জ-৪-র আসন থেকে। পেয়েছেন ১ লাখ ০৬ হাজার ১৭১ ভোট। নিকটতম প্রতিদ্বন্দ্বী জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশের মনির হোসাইন খেজুর গাছ প্রতীক নিয়ে পেয়েছেন ৮০ হাজার ৬১৯ ভোট। জামায়াতের সাথে আসন সমরোতায় যাওয়া আরেক দল বাংলাদেশ খেলাফত মজলিশের প্রার্থী মুহাম্মদুল্লাহ ময়মনসিংহ-২ আসন থেকে রিকশা প্রতীক নিয়ে জয়ী হয়েছেন। তিনি পেয়েছেন ১ লাখ ৪৪ হাজার ৫৬৫ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির মোতাহার হোসেন তালুকদার পেয়েছেন ১ লাখ ১৭ হাজার ৩৪৪ ভোট। দলটি থেকে মাদারীপুর-১ আসনে জয়ী হয়েছেন সাইদ উদ্দিন আহমদ হানজালা। ৬৪ হাজার ৯০৯ ভোট নিয়ে জয়ী হয়েছেন তিনি। নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির নাদিরা আক্তার পেয়েছেন ৬৪ হাজার ৫২৪ ভোট। সিলেট-৫ আসনে জয়ী হয়েছেন খেলাফত মজলিশের প্রার্থী মোহাম্মদ আবুল হাসান। দেওয়াল ঘড়ি নিয়ে নির্বাচনে জয়ী হওয়া এই প্রার্থী পেয়েছেন ৭৯ হাজার ৩৫৫ ভোট। আসনটিতে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশের উবায়দুল্লাহ ফারুক পেয়েছেন ৬৯ হাজার ৭৭৪ ভোট। (বিবিসি ওয়েবের পেজ : ১৩.০২.২০২৬ আলী আহমেদ)

### আকাশবাণী কলকাতা

#### বাংলাদেশে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি জয়লাভ করেছে

বাংলাদেশে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ ন্যাশনালিস্ট পার্টি বিএনপি দুই তৃতীয়াংশেরও বেশি সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় আসতে চলেছে। শেষ পাওয়া সরকারি সূত্রের খবর অনুযায়ী, বিএনপি ও তাদের দলীয় জোট ২০৮টি আসনে এগিয়ে আছে। গণনা এখনো চলছে। বিএনপি প্রধান তারেক রহমান ঢাকা ও বগুড়া আসনে জয়ী হয়েছেন। দলের মহাসচিব ফখরুল ইসলামও জয়লাভ করেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাংলাদেশের সংসদীয় নির্বাচনে বাংলাদেশ ন্যাশনালিস্ট পার্টি তারেক রহমানকে তার দলের বিজয়ের জন্য অভিনন্দন জানিয়েছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বিজয়কে তারেক রহমানের নেতৃত্বে জনগণের আঙ্গ ও বিশ্বাসের প্রতিফলন বলে উল্লেখ করেছেন। ভারত গণতান্ত্রিক এ প্রগতিশীল বাংলাদেশকে সমর্থন করবে বলে প্রধানমন্ত্রী দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। অন্যদিকে, জামায়াতে ইসলামী পেয়েছে ৬০টি আসন। তাদের অন্যতম জোটসঙ্গী জাতীয় নাগরিক পার্টি এনসিপির দখলে গেছে ৬টি আসন। ভোট গণনা চলছে, সরকারিভাবে ফলাফল এখনো ঘোষণা করা হয়নি।

(আকাশবাণী: ১৩:০০ ঘ, ১৩.০২.২০২৬ রঞ্জাইয়া)

### এনএইচকে

#### ইরানের সাথে আলোচনা 'আগামী মাস ধরে' চলতে পারে : ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডেনাল্ড ট্রাম্প বলেছেন যে, তেহরানের পারমাণবিক উন্নয়ন কর্মসূচি নিয়ে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যকার আলোচনা "আগামী মাস ধরে" অব্যাহত থাকতে পারে। তিনি উল্লেখ করেছেন যে, তিনি আশা করছেন, একটি চুক্তিতে শীঘ্রই পৌঁছানো যাবে। ৬ ফেব্রুয়ারি মার্কিন ও ইরানি কর্মকর্তাদের মধ্যে আলোচনা পুনরায় শুরু হয়। গত জুনে মার্কিন সামরিক বাহিনী ইরানের পারমাণবিক স্থাপনায় হামলা চালানোর পর থেকে এই আলোচনা স্থগিত ছিল। উল্লেখ্য, বুধবার ইসরায়েল প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ট্রাম্পের সাথে বৈঠক করেছেন। ধারণা করা হচ্ছে, তিনি ইরানের বিরুদ্ধে কঠোর অবস্থান নিতে আমেরিকাকে অনুরোধ করেছেন। পাশাপাশি, তিনি ইরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের কথাও উল্লেখ করেছেন বলে ধারণা করা হচ্ছে। বৃহস্পতিবার ট্রাম্প সাংবাদিকদের জানান যে, নেতানিয়াহুর সাথে তার "খুব ভালো বৈঠক" হয়েছে। তিনি উল্লেখ করেন যে, নেতানিয়াহু বোঝেন "বিষয়টি শেষ পর্যন্ত তার উপর নির্ভর করে।" ইরানের সাথে আলোচনার সময়সীমা সম্পর্কে ট্রাম্পকে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, "আমার ধারণা, আগামী মাস ধরে চলবে, বা সেই রকমের কিছু।" তিনি আরও বলেন, "তাদের খুব দ্রুত মতেক্যে আসা উচিত।" (এনএইচকে ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রনি)

### ডয়চে ভেলে

#### নির্বাচনে ভোটের হার ৫৯.৪৪%

বাংলাদেশের ত্রয়োদশ সংসদ নির্বাচনে ভোটের হার ছিল ৫৯ দশমিক ৪৪ শতাংশ। শুক্রবার নির্বাচন কমিশনের জনসংযোগ শাখা এই তথ্য জানিয়েছে। ঢাকা থেকে ডয়চে ভেলের প্রতিবেদক তানজীর মেহেদী জানিয়েছেন, নির্বাচন কমিশন ২৯৯টি আসনের মধ্যে বেসরকারিভাবে প্রকাশ করা হয়নি। আদালতে রিট থাকায় চট্টগ্রাম-২ ও চট্টগ্রাম-৪ আসনের ফলাফল ঘোষণা স্থগিত রাখা হয়েছে। বাংলাদেশে ডয়চে ভেলের কনটেক্ট পার্টনার প্রথম আলো ২৮২টি আসনের ফলাফল হাতে পেয়েছে। তার মধ্যে ২০৫টি আসনে জয় পেয়েছে বিএনপি ও তার মিত্র দল। অন্যদিকে জামায়াত নেতৃত্বাধীন জোট পেয়েছে ৬৯টি আসন। ইসলামী আন্দোলন বাংলাদেশ একটি এবং স্বতন্ত্রসহ বাকিরা পেয়েছে ৭টি আসন। এদিকে গণভোটের চূড়ান্ত ফল এখনও ঘোষণা করেনি নির্বাচন কমিশন।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রুবাইয়া)

### **তারেক রহমানকে শুভেচ্ছা বার্তা মোদীর**

শুক্রবার সকালে এক্স হ্যান্ডেল থেকে তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। লিখেছেন, বিএনপির প্রধান তারেক রহমানকে শুভেচ্ছা। বাংলাদেশের জাতীয় নির্বাচনে তিনি দলকে বিপুল জয় এনে দিয়েছেন। মোদী লিখেছেন, “এই জয় প্রমাণ করে, আপনার নেতৃত্বের উপর বাংলাদেশের মানুষের পূর্ণ আস্থা আছে। ভারত গণতান্ত্রিক, প্রগতিশীল, অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশের পাশে থাকবে বরাবরের মতো।” এছাড়াও নরেন্দ্র মোদী তার বার্তায় জানিয়েছেন, দুই দেশের মৌখিক উন্নয়নমূলক কাজে তারেক রহমানের সঙ্গে একসঙ্গে কাজ করতে তিনি আগ্রহী।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রুবাইয়া)

### **পাকিস্তানের প্রধানমন্ত্রীর শুভেচ্ছা**

বাংলাদেশের জাতীয় নির্বাচনে জয়ী হওয়ার জন্য বিএনপির চেয়ারপার্সন তারেক রহমানকে অভিনন্দন জানালেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। সামাজিক মাধ্যম এক্স-এ পোস্ট করে শরিফ বলেছেন, “আমি সফল নির্বাচনের জন্য বাংলাদেশের মানুষকেও অভিনন্দন জানাচ্ছি। আমি বাংলাদেশের নতুন নেতৃত্বের সঙ্গে একসঙ্গে কাজ করার দিকে তাকিয়ে আছি।” (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রুবাইয়া)

### **পূর্ণাঙ্গ ফল প্রকাশ; বিএনপি ২০৯, জামায়াত ৬৮**

বাংলাদেশের ত্রয়োদশ সংসদ নির্বাচনের বেসরকারি পর্যায়ে দলভিত্তিক পূর্ণাঙ্গ ফল প্রকাশ করেছে নির্বাচন কমিশন। তাতে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি মোট ২০৯টি আসনে জয়লাভ করেছে। দ্বিতীয় অবস্থানে আছে জামায়াতে ইসলামী। তারা পেয়েছে ৬৮টি আসন। জামায়াতে ইসলামী জোটসঙ্গী জাতীয় নাগরিক পার্টি-এনসিপি ৬টি আসনে জয়লাভ করেছে। আরেক মিত্র বাংলাদেশ খেলাফতে ইসলাম পেয়েছে দুইটি আসন। বিএনপির সঙ্গে জোটবদ্ধ গণসংহতি আন্দোলন একটি আসনে এবং গণঅধিকার পরিষদ একটি আসনে জয়লাভ করেছে। তাদের আরেক মিত্র বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপি জয় পেয়েছে একটিতে। এছাড়া সাতজন স্বতন্ত্র প্রার্থী বিজয়ী হয়েছেন। নির্বাচন কমিশন শুক্রবার মোট ২৯৭টি আসনের আনুষ্ঠানিক ফলাফল ঘোষণা করেছে। চট্টগ্রাম-২ ও চট্টগ্রাম-৪ আসনের ফলাফল ঘোষণা স্থগিত রাখা হয়েছে। নির্বাচন কমিশন জানিয়েছে, এই দুটি আসনের ফলাফল পরে ঘোষণা করা হবে। বাংলাদেশ জামায়াতে ইসলামীর প্রার্থীর মৃত্যুতে শেরপুর-৩ আসনের নির্বাচন আগেই বাতিল করেছিল কমিশন।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রুবাইয়া)

### **জোটের কর্মসূচির জন্য অপেক্ষা করুন : জামায়েত**

শুক্রবার সকালে ভেরিফায়েড ফেসবুক পেজে পোস্ট করে জামায়াতে ইসলামী জানিয়েছে, সকলে ধৈর্য ধরুন। ১১ দলীয় জোটের কর্মসূচির জন্য অপেক্ষা করুন। পোস্টে বলা হয়েছে, “সারা দিন ধরে শান্তিপূর্ণ ও ইতিবাচক পরিবেশে বিপুল সংখ্যায় ভোটপ্রদান করার জন্য আমরা আপনাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। তবে নির্বাচন ফলাফলকে ঘিরে চলমান প্রক্রিয়ায় আমরা সন্তুষ্ট নই। বিভিন্ন আসনে ১১-দলীয় জোটের প্রার্থীদের অল্প ব্যবধানে ও সন্দেহজনকভাবে পরাজিত দেখানো, বেসরকারিভাবে ঘোষিত ফলাফলে বারবার অসংগতি ও তথ্য বিকৃতি, নির্বাচন কমিশনের পক্ষ থেকে ভোটার উপস্থিতির হার প্রকাশে অনীহা এবং প্রশাসনের একটি অংশের বড়ো একটি রাজনৈতিক দলের প্রতি পক্ষপাতমূলক আচরণের ইঙ্গিত- এসব বিষয় নিঃসন্দেহে ফলাফল প্রক্রিয়ার স্বচ্ছতা ও গ্রহণযোগ্যতা নিয়ে গুরুতর প্রশ্ন উত্থাপন করে।”

এর আগে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের ফলাফল ঘোষণায় দেরি এবং কিছু আসনে ফলাফলে পরিবর্তনের অভিযোগ করেন জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল এহসানুল মাহবুব জুবায়ের। তার অভিযোগ, বিশেষ একটি দলকে সুবিধা দিতেই এসব করা হচ্ছে। শুক্রবার দিবাগত রাত ৪টার দিকে রাজধানীর আগরাগাঁওয়ের নির্বাচন কমিশন কার্যালয়ে সাংবাদিকদের কাছে এসব অভিযোগ করেন জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল ও কেন্দ্রীয় প্রচার বিভাগের প্রধান এহসানুল মাহবুব জুবায়ের। তিনি বলেন, “আমরা খুব আশ্চর্য হয়ে লক্ষ্য করছি, এই গণনা কার্যক্রমের সঙ্গে নির্বাচন কমিশনের সঙ্গে জড়িতরা- রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার এবং ইসির সদস্যরা অস্বাভবিক রকমভাবে কিছু কিছু ক্ষেত্রে দেরি করছেন।” তার দাবি, “আমাদের শীর্ষ নেতৃবৃন্দের আসনগুলোতে সব এজেন্টদের কাছ থেকে আমরা যে শিট পেয়েছি, তাতে রাত ৮টা থেকে ৯টার মধ্যেই ফলাফল ঘোষণা করার কথা। কিন্তু সেটা এখনো হয়নি।” এহসানুল মাহবুব জুবায়ের অভিযোগ করেন, “কোনো কোনো আসনে এমন হয়েছে, রিটার্নিং অফিসার স্বাক্ষর করার পরে তা আবার পরিবর্তন করেছেন। ঢাকা-১৭ আসনে এ ধরনের ঘটনা ঘটেছে। কমপক্ষে আটটি শিটে এই ধরনের পরিবর্তন হয়েছে, ওভাররাইটিং হয়েছে।”

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### **তারেক রহমানকে অভিনন্দন বার্তা চীনের**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করা বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি ও দলটির চেয়ারম্যান তারেক রহমানকে অভিনন্দন জানিয়েছে চীন। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) সকালে ঢাকাস্থ চীন দূতাবাস সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে তাদের অফিসিয়াল পেজে এ অভিনন্দন বার্তা দেয়। জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন হওয়ায়, চীনের পক্ষ থেকে বাংলাদেশের জনগণকেও অভিনন্দন জানানো হয়েছে। চীন জানিয়েছে, তারা বাংলাদেশের নতুন সরকারের সঙ্গে একসঙ্গে কাজ করার এবং চীন-বাংলাদেশ সম্পর্কের নতুন অধ্যায় রচনার প্রত্যাশা রাখছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

### **তারেককে ‘ভাই’ সম্মৌখন করে অভিনন্দন মমতার**

বিএনপি ও দলটির চেয়ারম্যান তারেক রহমানকে অভিনন্দন জানিয়েছেন ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) দুপুর ১টার দিকে সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ দেওয়া এক পোস্টে তিনি এ অভিনন্দন জানান। নিজের পোস্টে মমতা ব্যানার্জি বলেন, “বাংলাদেশের সকল ভাই-বোনকে, জনগণকে, জানাই আমার শুভনন্দন, আমার আগাম রমজান মোবারক। বাংলাদেশের এই বিপুল জয়ের জন্য অভিনন্দন জানাই আমার তারেক ভাইকে, তার দলকে ও অন্যান্য দলকে। সবাই ভালো থাকুন, সুখী থাকুন।” তিনি আরও বলেন, “আমাদের সঙ্গে সব সময় বাংলাদেশের সুসম্পর্ক বজায় থাকবে, এটাই আমরা কামনা করি।” ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি জোট ২১২টি আসন পেয়ে বিজয়ী হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

### **তারেক রহমান ও বিএনপিকে ভুটানের প্রধানমন্ত্রীর অভিনন্দন**

বাংলাদেশের সাধারণ নির্বাচনে বিজয়ী হওয়ায়, বিএনপির চেয়ারম্যান তারেক রহমান ও তার দলকে উষ্ণ অভিনন্দন জানিয়েছেন ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া বার্তায় তিনি বলেছেন, “এই প্রগাঢ় জনমতের মাধ্যমে বাংলাদেশের জনগণ তারেক রহমানের নেতৃত্বে আস্থা প্রকাশ করেছেন। এটি শান্তি ও উন্নতির নতুন অধ্যায়ের সূচনা করছে। ভুটান ও বাংলাদেশের মধ্যে বন্ধুত্বের ঘনিষ্ঠ সম্পর্ক আরও শক্তিশালী করতে একসঙ্গে কাজ করার আশায় রইলাম,” শেরিং তোবগে। গতকাল বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দুই-তৃতীয়াংশ আসনে জয়লাভ করেছে বিএনপি। এটিকে দেশের রাজনৈতিক পরিস্থিতিতে নতুন অধ্যায়ের সূচনা হিসেবে দেখা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

### **তারেক রহমানকে মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর অভিনন্দন**

বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি এবং দলটির চেয়ারম্যান তারেক রহমান বিজয়ী হওয়ায় অভিনন্দন জানিয়েছেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইবাহিম। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) তার ভেরিফায়েড ফেসবুক পেজের মাধ্যমে এ অভিনন্দন জানান তিনি। মালয়েশিয়ার প্রধানমন্ত্রী বলেন, ব্যতিক্রমী চ্যালেঞ্জের মধ্যদিয়ে যাদের জীবন কেটেছে, তারা স্পষ্টভাবে তাদের ভোটের মাধ্যমে নিজেদের ইচ্ছা প্রকাশ করেছেন। তিনি তার প্রিয় বন্ধু ড. মুহাম্মদ ইউনুসকে ধন্যবাদ জানান, যিনি এই গুরুত্বপূর্ণ পরিবর্তনের সময় প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং নিশ্চিত করেছেন যে, নির্বাচন প্রক্রিয়াটি সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

### **গণভোটের হার ৬০.২৬ শতাংশ, ‘হ্যাঁ’ জয়ী**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে অনুষ্ঠিত গণভোটে ভোট পড়েছে ৬০ দশমিক ২৬ শতাংশ। এর মধ্যে ‘হ্যাঁ’ ভোট পড়েছে ৪ কোটি ৮০ লাখ ৭৪ হাজার ৪২৯টি এবং ‘না’ ভোট পড়েছে ২ কোটি ২৫ লাখ ৬৫ হাজার ৬২৭টি। এতে ‘হ্যাঁ’ ভোট জয়ী হয়েছে। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) আগারগাঁওয়ে নির্বাচন ভবনে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান নির্বাচন কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদ। আখতার আহমেদ বলেন, গণভোটে ‘হ্যাঁ’-এর পক্ষে ৪ কোটি ৮০ লাখ ৭৪ হাজার ৪২৯ জন ভোটার ভোট দিয়েছেন, ফলে ‘হ্যাঁ’ জয়ী হয়েছে। অন্যদিকে, ‘না’ ভোট পড়েছে ২ কোটি ২৫ লাখ ৬৫ হাজার ৬২৭টি। জাতীয় নির্বাচনের থেকে গণভোটের হার বেশি কীভাবে হলো? এমন প্রশ্নে সচিব বলেন, আপনারা জানেন দুটি আসনের ভোটগ্রহণ সম্পূর্ণ হয়েছে। কিন্তু ফলাফল প্রকাশ হবে না। এ কারণে গণভোটের ক্ষেত্রে শতাংশটা বেড়ে গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

### **নির্বাসন থেকে ক্ষমতার শীর্ষে, তারেক রহমানের গ্র্যান্ড প্রত্যাবর্তন**

রাজনৈতিক প্রতিহিংসার শিকার হয়ে লব্দনে প্রায় দুই দশক স্বেচ্ছা নির্বাসনে ছিলেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। সেখান থেকে দেশে ফিরে মাত্র দেড় মাসের মাথায় জাতীয় সংসদ নির্বাচনে বিপুল ব্যবধানে জয়লাভ করে প্রধানমন্ত্রী হতে যাচ্ছেন তিনি। এক সময় যার ওপর দুর্নীতির অভিযোগে কঠোর দমন-পীড়ন নেমে এসেছিল, সেই নরম স্বত্বাবের ৬০ বছর বয়সি নেতা এখন দেশের ক্ষমতার কেন্দ্রবিন্দুতে। ২০০৮ সালে সেনাবাহিনী-সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের সময় গ্রেফতার ও কারাবন্দি অবস্থায় অমানবিক নির্যাতনের পর চিকিৎসার প্রয়োজন দেখিয়ে দেশ ছাড়েন তারেক। প্রায় ১৬ বছর পর গত ২৫ ডিসেম্বর তিনি ঢাকায় ফেরেন। ফেরার দিন ঢাকার হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে হাজারও নেতা-কর্মীর ভিড়, ঢাকায় বিজয়ী প্রত্যাবর্তনের আবেগ- সব মিলিয়ে এক নাটকীয় দৃশ্যের

অবতারণা হয়। দেশের পরিবর্তিত বাস্তবতায় সময়ের শ্রোত এত দ্রুত বয়ে গেছে যে, নিজের অনুভূতি প্রকাশ করতেও যেন সময় পাননি তিনি। গত শনিবার রায়টসকে তিনি বলেন, যেদিন থেকে দেশে নেমেছি, সময় কীভাবে কাটছে বুবতেই পারছি না। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

### **সারা দেশে ভোট পড়েছে ৫৯.৪৪ শতাংশ : ইসি**

অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে সারা দেশে ২৯৯টি সংসদীয় আসনে ৫৯ দশমিক ৪৪ শতাংশ ভোট পড়েছে বলে জানিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) দুপুরে ইসির পরিচালক (জনসংযোগ) রহুল আমিন মন্ত্রিক এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন, সারা দেশের কেন্দ্রগুলো থেকে প্রাণ্ড তথ্যের ভিত্তিতে এই হার নির্ধারণ করা হয়েছে। এখনো কিছু বিচ্ছিন্ন কেন্দ্রের চূড়ান্ত হিসাব আসা বাকি। তবে সামগ্রিক ভোটের হার ৫৯.৪৪ শতাংশেই স্থিতিশীল রয়েছে। ইসি সূত্রে জানা গেছে, আগের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তুলনায় এবার ভোটের হার প্রায় ১৮ শতাংশ বেশি। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

### **শতভাগ সন্তুষ্ট হওয়া কঠিন, মোটামুটি খুশি বিএনপি : নজরুল ইসলাম খান**

জাতীয় নির্বাচন নিয়ে বিএনপির শতভাগ সন্তুষ্ট হওয়া কঠিন ব্যাপার। তবে দলটি মোটামুটি খুশি। অতীতে নির্বাচন ঘিরে অনেক প্রাণহানি হলেও এবার তেমন কিছু হয়নি। ভোটের অফিসিয়াল চূড়ান্ত ফলাফল জানতে শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) আগারগাঁও নির্বাচন ভবনে যান বিএনপির কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান ও স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান। উপস্থিতি সাংবাদিকরা নির্বাচন-পরবর্তী প্রতিক্রিয়া জানতে চাইলে তিনি এ মন্তব্য করেন।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

### **জামায়াতকে ‘উগ্রবাদী দল’ বললেন মির্জা ফখরুল**

বাংলাদেশ জামায়াতে ইসলামীকে ‘উগ্রবাদী দল’ আখ্যা দিয়ে তাদের উপানের পেছনে আওয়ামী লীগকে দায়ী করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার সকালে ঠাকুরগাঁওয়ের নিজ বাসভবনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এমন মন্তব্য করেন। মির্জা ফখরুল বলেন, “দীর্ঘ ১৫ বছর ফ্যাসিস্ট শাসন ছিল। যখনই গণতন্ত্র চাপা থাকে, তাকে যখন আটকে দেওয়া হয়, তার যখন কঠ রুদ্ধ করা হয়, তখন অন্য উগ্রবাদী শক্তিগুলো মাথা চাড়া দিয়ে ওঠে এবং সেটাই এ দেশে হয়েছে।” তিনি বলেন, “আজকে যেটুকু উপান হয়েছে জামায়াতের, সেটা আওয়ামী লীগের কারণে। তাদের দমন-গীড়নমূলক যে শাসন, বিরোধী দলকে ফাঁশন করতে না দেওয়া, তাদের ইনোসিয়েট করতে না দেওয়া, এর কারণে এমন হয়েছে।” (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

### **নাহিদ-হাসনাতসহ ৬ আসনে জয়ী এনসিপি**

জুলাই গণ-অভ্যর্থন থেকে উঠে আসা তারুণ্য-ভিত্তিক রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আত্মপ্রকাশের এক বছরের মধ্যেই সংসদ নির্বাচনে অংশগ্রহণ করেছে। জামায়াত নেতৃত্বাধীন ১১ দলীয় জোটে ৩০ আসনে প্রার্থী দিয়েছিল দলটি। সারা দেশে এই ৩০ আসনের মধ্যে ছয়টিতে জয়ী হয়েছে দলটি। ঢাকা-১১ আসনে নাহিদ ইসলাম, কুমিল্লা-৪-এ হাসনাত আবুল্ফাহ, নারায়ণগঞ্জ-৪ আসনে আবুল্ফাহ আল-আমিন, রংপুর-৪ আসনে আখতার হোসেন, কুড়িগ্রাম-২ আসনে আতিকুর রহমান মোজাহিদ ও নোয়াখালী-৬ আসনে আবুল হামান মাসউদ বিজয়ী হয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

### **নির্বাচনের ‘ফলাফল প্রক্রিয়া’ নিয়ে অসন্তোষ, ধৈর্য ধরার আহ্বান জামায়াতের**

অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে শাস্তিপূর্ণ পরিবেশে বিপুল-সংখ্যক ভোটার অংশ নেওয়ায় দেশবাসীর প্রতি কৃতজ্ঞতা জানিয়েছে জামায়াতে ইসলামী। তবে নির্বাচনের ফলাফল ঘোষণার প্রক্রিয়া নিয়ে অসন্তোষ প্রকাশ করেছে দলটি। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) সকাল ৮টা ১৫ মিনিটে জামায়াতের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ অসন্তোষ প্রকাশ করা হয়। দলের অফিসিয়াল ফেসবুক পেজে দেওয়া ওই পোস্টে বলা হয়, দিনভর ইতিবাচক ও শাস্তিপূর্ণ পরিবেশে ভোটগ্রহণে অংশ নেওয়ার জন্য নাগরিকদের প্রতি তারা আন্তরিক কৃতজ্ঞতা জানায়। তবে ফলাফল সংশ্লিষ্ট প্রক্রিয়া নিয়ে ‘সন্তুষ্ট নয়’ বলেও জানানো হয় পোস্টে। এতে অভিযোগ করা হয়, বিভিন্ন আসনে ১১ দলীয় জোটের প্রার্থীরা অল্প ব্যবধানে ও সন্দেহজনকভাবে প্রার্থিত হয়েছেন। পাশাপাশি বেসরকারি ফলাফল ঘোষণায় বারবার অসংগতি ও গরমিল, নির্বাচন কমিশনের পক্ষ থেকে ভোটার উপস্থিতির হার প্রকাশে অনীহা এবং প্রশাসনের একটি অংশ বড়ো একটি দলের পক্ষে ঝুঁকে পড়ার ইঙ্গিত- এসব বিষয় ফলাফল প্রক্রিয়ার স্বচ্ছতা নিয়ে গুরুতর প্রশ্ন সৃষ্টি করেছে বলে দাবি করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

### **একটিও আসন পায়নি জাতীয় পার্টি**

জাতীয় পার্টির (জাপা) দুর্গ হিসেবে পরিচিত রংপুরে এবার একটিও আসন পায়নি দলটি। এমনকি সারা দেশে ১৯৬ আসনে প্রার্থী দিয়ে কোথাও জয়ের মুখ দেখেননি লাঙ্গল প্রতীকের প্রার্থীরা। দল প্রতিষ্ঠার চার দশকেও এতটা ভরাডুবির মুখে পড়তে হয়নি জাতীয় পার্টিকে। অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ঘোষিত বেসরকারি ফলাফলে দেখা গেছে, জাপা চেয়ারম্যান জিএম কাদের রংপুর-৩ (সিটি করপোরেশনে ও সদর) আসনে তৃতীয় হয়েছেন।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

## ঢাকায় ২০ আসনের মধ্যে ৬টিতে জয় পেলো জামায়াত

১২ ফেব্রুয়ারি হয়ে গেল অ্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট। এবারের নির্বাচনে ভূমিধস জয় পেয়েছে বিএনপি। পাশাপাশি জামায়াতে ইসলামী অস্তত ৬০টিতে জয় পেয়েছে। তবে জেলাসহ ঢাকার ২০টি আসনের মধ্যে ৬টিতেই জয় পেয়েছেন জামায়াতের প্রার্থীরা। বলা চলে ঢাকার ৬টি আসনই জয় পেল তারা। অ্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা জেলার অস্তর্গত পাঁচটি আসনেই বিএনপির মনোনীত প্রার্থীরা জয়ী হয়েছেন। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) দিনগত রাতে ঢাকার রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক রেজাউল করিম এ ফলাফল ঘোষণা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

## কুড়িগ্রামের সব আসনেই জয় পেলেন ১১ দলীয় জোটের প্রার্থীরা

অ্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে কুড়িগ্রামের নির্বাচনি মাঠে দাপুটে জয় পেয়েছে ১১ দলীয় জোট। জেলার চারটি সংসদীয় আসনেই জোটের প্রার্থীরা জয়লাভ করেছেন, যার মধ্যে তিনটি আসনে জামায়াতে ইসলামী এবং একটিতে শরিক দল জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) বিজয়ী হয়েছে। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) দিনগত রাতে জেলা রিটার্নিং কর্মকর্তা অন্ধপূর্ণ দেবনাথ নির্বাচনের এই চূড়ান্ত ফলাফল ঘোষণা করেন।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

## পোস্টাল ভোটে কপাল পুড়লো বিএনপির দুই প্রার্থীর, জয়ী জামায়াত জোট

অ্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে পোস্টাল ভোটের ওপর ভর করে জয় পেয়েছেন জামায়াত জোটের দুই প্রার্থী। সিরাজগঞ্জ-৪ ও মাদারীপুর-১ আসনে পোস্টাল ভোটের কারণে বিএনপির দুই প্রার্থী হেরেছেন। ইসি সূত্রে জানা যায়, উল্লাপাড়া আসনের ১৪৭টি ভোটকেন্দ্রের প্রাপ্ত ফলাফলে বিএনপি মনোনীত ধানের শৈষ প্রতীকের প্রার্থী শিক্ষানুরাগী এম আকবর আলী এগিয়ে ছিলেন। তিনি পেয়েছিলেন ১ লাখ ৬০ হাজার ৪৫৮ ভোট। অপরদিকে দাঁড়িপাল্লা প্রতীকের জামায়াত মনোনীত প্রার্থী মওলানা রফিকুল ইসলাম খান পেয়েছিলেন ১ লাখ ৫৯ হাজার ৬৯৩ ভোট। এতে এম আকবর আলী ৭৬৫ ভোটে এগিয়েছিলেন। তবে পোস্টাল ভোটের ফলাফল ঘোগ হলে চিত্র পাল্টে যায়। পোস্টাল ভোটে বিএনপি প্রার্থী এম আকবর আলী পান ৮২০ ভোট এবং জামায়াত প্রার্থী মওলানা রফিকুল ইসলাম খান পান ২ হাজার ১৭৯ ভোট। সব মিলিয়ে, উল্লাপাড়া আসনের ১৪৭টি ভোটকেন্দ্র ও পোস্টাল ভোটের ফলাফল অনুযায়ী, জামায়াত প্রার্থী মওলানা রফিকুল ইসলাম খান পেয়েছেন ১ লাখ ৬১ হাজার ৫৭২ ভোট। অন্যদিকে, মাদারীপুর-১ আসনে (শিবচর) বিএনপির প্রার্থীকে হারিয়ে ভোটে জয়ী হয়েছেন ১১-দলীয় নির্বাচনি ঐক্যের শরিক দল বাংলাদেশ খেলাফত মজলিশের প্রার্থী (রিকশা প্রতীক) সাইদ উদ্দিন আহমদ হানজালা। মাদারীপুর-১ আসনের সহকারী রিটার্নিং কর্মকর্তা এইচএম ইবনে মিজান এ তথ্য নিশ্চিত করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

## আমি কোথাও যাচ্ছি না, সেরা সময় এখনো সামনে : তাসনিম জারা

জাতীয় সংসদ নির্বাচনে পরাজিত হলেও দেশ ছেড়ে কোথাও যাচ্ছেন না বলে জানিয়েছেন এক সময় যুক্তরাজ্যে পড়াশোনা করা তাসনিম জারা। সেই সঙ্গে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সাবেক এ নেতৃ মনে করেন, সেরা সময় এখনো সামনে রয়েছে। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) অ্রয়োদশ সংসদ নির্বাচনে ঢাকা-৯ আসনে প্রতিদ্বন্দ্বিতা করে হেরে যান তাসনিম। স্বতন্ত্র প্রার্থী হিসেবে পান ৪৪ হাজার ৬৮৪ ভোট। এ আসনে বিএনপি প্রার্থী হাবিবুর রশিদ হাবিব ধানের শৈষ প্রতীকে ১ লাখ ১১ হাজার ২১২ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। তাসনিম বলেন, “জাতীয় নির্বাচনে বিজয়ী হওয়ার জন্য আমি বিএনপিকে অভিনন্দন জানাই।” ঢাকা-৯ আসনে বিজয়ী প্রার্থী হাবিবুর রশিদ হাবিবকেও অভিনন্দন। গতকাল রাতেই আমি তাকে ফোন করে ব্যক্তিগতভাবে শুভকামনা জানিয়েছি। ঢাকা-৯ ও বাংলাদেশের মানুষের স্বার্থে তাদের সাফল্য কামনা করি। আমরা একটি গঠনমূলক শক্তি হিসেবে কাজ করবো। জনকল্যাণমূলক উদ্যোগে আমাদের সমর্থন থাকবে। কিন্তু মানুষের জন্য ক্ষতিকর কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে আমরা সোচার থাকবো।” (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

## ‘ফাঁসির মঞ্চ’ থেকে ফিরে সংসদের পথে বাবর-পিন্টু-আজহার

ফাঁসির মঞ্চ থেকে ফিরে সংসদ সদস্য নির্বাচিত হলেন বিএনপির মো. লুৎফুজ্জামান বাবর, আবদুস সালাম পিন্টু ও জামায়াত নেতা এ টি এম আজহারুল ইসলাম। অ্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে এ তিনি নেতা বিপুল ভোটে বিজয়ী হয়েছেন। এদের মধ্যে নেতৃকোণা-৪ আসন থেকে নির্বাচিত হয়েছেন মো. লুৎফুজ্জামান বাবর। এছাড়া, রংপুর-২ আসন থেকে এ টি এম আজহারুল ইসলাম ও টাঙ্গাইল-২ আসন থেকে আবদুস সালাম পিন্টু নির্বাচিত হয়েছেন। অর্থ গণ-অভ্যন্তরের আগে এ তিনজনই ফাঁসির দণ্ডপ্রাপ্ত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

## ঢাকা-৬ আসনের ফলাফল স্থগিতে জামায়াত প্রার্থীর আবেদন

ঢাকা-৬ আসনের ফলাফল স্থগিত চেয়ে রিটার্নিং কর্মকর্তা ও বিভাগীয় কমিশনারের কাছে আবেদন করেছেন জামায়াতে ইসলামীর মনোনীত প্রার্থী মো. আব্দুল মানান। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) দিনগত রাত ১টার দিকে সেগুনবাগিচায় অবস্থিত বিভাগীয় কমিশনারের কার্যালয়ে লিখিত আবেদন জমা দেন তিনি। আবেদনে ভোটগ্রহণ ও ফলাফল প্রণয়ন

প্রক্রিয়ায় গুরুতর অনিয়ম ও ফলাফল টেম্পারিংয়ের অভিযোগ তোলেন জামায়াত প্রার্থী। আবেদনে তিনি উল্লেখ করেন, প্রাপ্ত চূড়ান্ত ফলাফলের সঙ্গে গণনাপত্র ও প্রিসাইডিং কর্মকর্তাদের বিবরণীর অসঙ্গতি রয়েছে, যা ফলাফলের নির্ভুলতা নিয়ে প্রশ্ন তৈরি করেছে। এছাড়া, কিছু ব্যালট বা প্রদত্ত ভোটের হিসাব চূড়ান্ত ফলাফলে প্রতিফলিত হয়নি বলে তার সন্দেহ রয়েছে। ফলাফল ঘোষণার পূর্ববর্তী তথ্য ও ঘোষণার পর প্রকাশিত তথ্যের মধ্যেও পার্থক্য দেখা গেছে বলে অভিযোগে উল্লেখ করা হয়। তিনি আরও দাবি করেন, অনেক ক্ষেত্রে বাতিল ভোটের সংখ্যা শূন্য দেখানো হয়েছে, যা অস্বাভাবিক। প্রিসাইডিং কর্মকর্তা নিয়োগে অনিয়ম ও পক্ষপাতিত্বমূলক আচরণের অভিযোগও তোলা হয়েছে আবেদনে। আবেদন আন্দুল মাঝান বলেন, ক্ষেত্রবিশেষে ফলাফল প্রদানে দীর্ঘস্থূত্রতা পরিলক্ষিত হয়েছে, যা জনমনে সন্দেহের সৃষ্টি করেছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

### **২৯৭ আসনের ফল প্রকাশ; বিএনপি ২০৯, জামায়াত ৬৮, এনসিপি ৬**

অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) ২৯৯ আসনে ভোট হলেও, এখন পর্যন্ত ফলাফল প্রকাশ করা হয়েছে ২৯৭টি। এর মধ্যে বিএনপি ২০৯, জামায়াতে ইসলামী ৬৮ ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ছয় আসনে জয়ী হয়েছে। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান নির্বাচন কমিশন (ইসি) সচিবালয়ের সচিব আখতার আহমেদ। সচিব বলেন, ইসলামী আন্দোলন বাংলাদেশ একটি, খেলাফত মজলিশ একটি, গণঅধিকার পরিষদ একটি, বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি) একটি, গণসংহতি আন্দোলন একটি, বাংলাদেশ খেলাফত মজলিশ দুটি ও স্বতন্ত্র প্রার্থীরা সাত আসনে জয় পেয়েছেন। আখতার আহমেদ জানান, ভোট হলেও আদালতের নিয়েধাজ্ঞা থাকার কারণে চট্টগ্রাম-২ ও চট্টগ্রাম-৪ আসনের ফলাফল নিয়ে গেজেট এখন হবে না। এছাড়া, একজন প্রার্থী মারা যাওয়ার কারণে শেরপুর-৩ আসনে ভোট পরে অনুষ্ঠিত হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

### **৪২ দলের কোনো প্রার্থী ভোটে জয়লাভ করতে পারেনি**

দেশব্যাপী উৎসবমুখ্য পরিবেশে অনুষ্ঠিত হয়ে গেল বহুল কাঙ্ক্ষিত অয়োদশ জাতীয় সংসদ নির্বাচন। গতকাল বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ৭টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত দেশের ৩০০ আসনের মধ্যে ২৯৯টিতে একটানা ভোটপ্রাপ্ত হয়। এবারই প্রথম জাতীয় নির্বাচনের সঙ্গে গণভোটও অনুষ্ঠিত হয়েছে। নিবন্ধিত ৯৯টি রাজনৈতিক দলের মধ্যে ৫১টি দল এবারের নির্বাচনে অংশ নেয়। তবে নির্বাচনের ফলাফল বিশ্লেষণে দেখা গেছে, অংশগ্রহণকারী ৫১ দলের মধ্যে ৪২ দলের কোনো প্রার্থীই জয়লাভ করতে পারেননি। মাত্র ৯টি দলের প্রার্থীরা সংসদে প্রতিনিধিত্ব নিশ্চিত করতে পেরেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ রিহাব)

### **নির্বাচনে সুস্পষ্টভাবে ফলাফলে কারচুপি করা হয়েছে : নাহিদ ইসলাম**

নির্বাচনে সুস্পষ্টভাবে ফলাফলে কারচুপি করা হয়েছে বলে অভিযোগ করেছেন জাতীয় নাগরিক পার্টির আহ্মায়ক নাহিদ ইসলাম। তিনি অভিযোগ করে বলেন, “একটা সময় পর্যন্ত ভোট সুষ্ঠুভাবে গ্রহণ করা হলেও, একটা পর্যায়ে ফলাফল ঘোষণা শুরু হলে নির্দিষ্ট কয়েকটি আসনে বিশেষ করে, মামুনুল হকের আসন, জামায়াত সেক্রেটারি মিয়া গোলাম পরওয়ারের আসন, ঢাকা-৮ আসনে ফলাফল পরিবর্তন করা হয়েছে। এসব আসনে কেন্দ্র দখল করে এবং প্রশাসনকে ব্যবহার করে ফলাফল পরিবর্তন করা হয়েছে।” তিনি বলেন, “যে প্ল্যানের কথা আমরা শুনেছি, সে প্ল্যানের একটা বাস্তবায়ন হবে। এ ধরনের কারচুপি করে আওয়ামী লীগ যে ধরনের নির্বাচন করেছে, সে ধরনের চেষ্টা আমরা দেখতে পেয়েছি। তারা আসলে কীভাবে রাষ্ট্র পরিচালনা করবে, সেটা নিয়ে জনগণের মধ্যে প্রশ্ন এসেছে।” তিনি বলেন, “নির্বাচনের পর দিন প্রতিদ্বন্দ্বীদের বাড়িঘরে হামলা, আগুন লাগানো, হৃদকি, এলাকা ছাড়া করা হচ্ছে। তাদের কাছে এ দেশের জনগণ কীভাবে নিরাপদ থাকবে, তা নিয়েও প্রশ্ন উঠেছে। আমরা ১১ দল ঐক্যবন্ধ হয়েছি।”

(জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রনি)

### **অর্থনীতি সচল করাই আগামী সরকারের প্রধান চ্যালেঞ্জ : ফখরুল**

আইন-শৃঙ্খলা, দুর্নীতি নিয়ন্ত্রণ এবং অর্থনীতি সচল করাই আগামী সরকারের জন্য প্রধান চ্যালেঞ্জ হিসেবে দেখছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বিএনপি মহাসচিব বলেন, আগামী সরকারের জন্য সবচেয়ে বড়ো চ্যালেঞ্জ হচ্ছে অর্থনীতিকে সচল করা, আইন-শৃঙ্খলা পরিস্থিতিকে নিয়ন্ত্রণে রাখা, দুর্নীতি নিয়ন্ত্রণ করা এবং ন্যায়বিচার প্রতিষ্ঠা করা। নির্বাচনের ফলাফল নিয়ে নিজের অনুভূতি প্রকাশ করতে গিয়ে মির্জা ফখরুল বলেন, এই ফলাফল এক হচ্ছে আনন্দময়, আরেকটা হচ্ছে বিষাদময়। আমাদের দলের প্রয়াত চেয়ারপার্সন খালেদা জিয়া এই অভূতপূর্ব বিজয় দেখে যেতে পারলেন না এটা বিষাদময়। তিনি বলেন, অনেক রাতের বিনিময়ে ছাত্র-জনতার গণ-অভ্যর্থনার পরে একটা চমৎকার উৎসবমুখ্য এবং স্বচ্ছ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। (জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রনি)

### **তারেক রহমানকে অভিনন্দন জানালেন নেপালের প্রধানমন্ত্রী**

বাংলাদেশের অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির বড়ো জয়ে দলটির চেয়ারম্যান তারেক রহমানকে অভিনন্দন জানিয়েছেন নেপালের অন্তর্বর্তী সরকারের প্রধানমন্ত্রী সুশীলা কারকি। একইসঙ্গে দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদারের প্রত্যাশা ব্যক্ত করেছেন তিনি। তিনি আরও উল্লেখ করেন, “আমাদের প্রতিবেশী সম্পর্ক জোরদার করতে

এবং পারস্পরিক স্বার্থের ক্ষেত্রে সহযোগিতা সুসংহত করতে আপনার সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য আমি উন্মুখ।”  
(জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রনি)

### **সংসদে যাচ্ছেন সংখ্যালঘু সম্প্রদায়ের ৪ জন**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে সংখ্যালঘু সম্প্রদায়ের প্রতিনিধি হিসেবে সংসদে যাচ্ছেন চারজন প্রার্থী। চারজনই জয়ী হয়েছেন বিএনপি থেকে। এবারের নির্বাচনে ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করেন ৮০ জন। তাদের মধ্যে স্বতন্ত্র প্রার্থী ১২ জন, ১০ জন নারী। জয়ী চারজনের মধ্যে একজন ঢাকা, একজন মাণ্ডুরা, একজন রাঙামাটি ও একজন বান্দরবান থেকে প্রতিদ্বন্দ্বিতা করেন। (জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রনি)

### **ঢাকা-১৬ আসনের ফল স্থগিত চেয়ে বিএনপি প্রার্থী আমিনুলের আবেদন**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-১৬ আসনে ব্যাপক অনিয়ম, দুর্নীতি ও ভোট কারচুপির অভিযোগ তুলেছেন বিএনপির প্রার্থী মো. আমিনুল হক। এই আসনে ফলাফল স্থগিত ও বিতর্কিত কেন্দ্রগুলোতে পুনর্নির্বাচনের দাবি জানিয়েছেন তিনি। আবেদনে আমিনুল হক অভিযোগ করেন, নির্বাচনে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এবং নির্বাচনি আচরণবিধির চরম লজ্জন হয়েছে। তিনি উল্লেখ করেন, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর বিরুদ্ধে ভোটের আগের রাতে অর্থ বিতরণের ভিড়ও প্রমাণ রয়েছে এবং পোলিং এজেন্টদের ভয়ভীতি দেখিয়ে কেন্দ্র থেকে বের করে দেওয়া হয়েছে। বিশেষ করে, ৪০টিরও বেশি কেন্দ্রে এজেন্টদের স্বাক্ষর ছাড়াই ফলাফল শিট প্রস্তুত করা হয়েছে এবং অনেক ক্ষেত্রে ভোট গণনার আগেই ফলাফল শিটে স্বাক্ষর নেওয়া হয়েছে। এছাড়া ভোটারদের কেন্দ্রে যেতে বাধা প্রদান এবং নির্দিষ্ট কিছু কেন্দ্রে ভোট শুরুর আগেই সিল মারা ব্যালট বই পাওয়ার মতো অভিযোগ রয়েছে।

(জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রনি)

### **ফল স্থগিত চেয়ে পুনর্নির্বাচনের দাবিতে ইসিতে তুলির আবেদন**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-১৪ আসনে ভোট কারচুপি ও ইলেকশন ইঞ্জিনিয়ারিং হয়েছে বলে অভিযোগ করেছেন বিএনপির প্রার্থী সানজিদা ইসলাম তুলি। তিনি ফলাফল স্থগিত ও পুনর্নির্বাচনের দাবিতে নির্বাচন কমিশনে (ইসি) আবেদন করেছেন। কারচুপির অভিযোগ তুলে সানজিদা ইসলাম তুলি বলেন, “ভোট শেষ হওয়ার পর রাত গেলেও ঢাক-১৪ আসনের প্রতিটি কেন্দ্রের ফলাফল আজ পর্যন্ত পরিষ্কার হয়নি। আমরা জানতে চাই, কেন একটি আসনে এমন কুক্ষিগতভাবে কাজ করা হলো। এ বিষয়ে তৎক্ষণিক ব্যবস্থা নিতে হবে এবং ফলাফল স্থগিত করে পুনর্নির্বাচনের ব্যবস্থা করতে হবে।” তুলি বলেন, “ইলেকশন ইঞ্জিনিয়ারিং করা হয়েছে। এ আসনে সকাল থেকেই কিছু কেন্দ্রে আমাদের পোলিং এজেন্টদের বসতে দেওয়া হয়নি। প্রশাসনের কিছু অংশের সহায়তায় জামায়াতে ইসলামীর নেতা-কর্মীরা আমাদের কর্মীদের মারধর করেছে।” (জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রনি)

### **জামানত হারালেন জাতীয় পার্টির তিনবারের সাবেক এমপি ইমাম**

ময়মনসিংহ-৮ (সৈশ্বরগঞ্জ) আসনে জামানত হারিয়েছেন জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য তিনবারের সাবেক সংসদ সদস্য (এমপি) ফখরুল ইমাম। তিনি পেয়েছেন মাত্র ১ হাজার ৭৬১ ভোট। জেলা রিটার্নিং কর্মকর্তার কার্যালয় সূত্রে জানা গেছে, আসনটিতে প্রদত্ত ভোটের সংখ্যা ১ লাখ ৯৪ হাজার ৯১৪। এর মধ্যে মোট বৈধ ভোট পড়েছে ১ লাখ ৮৯ হাজার ৯১০টি। বাতিল ভোটের সংখ্যা ৪ হাজার ৯৪০টি। প্রদত্ত ভোটের হার ৫৫.৮৭ শতাংশ। বিধি অনুযায়ী, জামানত অক্ষুণ্ণ রাখতে হলে একজন প্রার্থীকে মোট বৈধ ভোটের ন্যূনতম ১২ দশমিক ৫ শতাংশ অর্জন করতে হয়। সে অনুযায়ী, ফখরুল ইমাম মাত্র ১ হাজার ৭৬১টি ভোট পেয়ে জামানত হারিয়েছেন।

(জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রনি)

### **ঢাকা-৭ আসনে ভোট পুনর্গুণনার দাবি জামায়াতের প্রার্থী এনায়াতের**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-৭ আসনের ভোট পুনর্গুণনার দাবি জানিয়েছে জামায়াতে ইসলামীর প্রার্থী মো. এনায়াত উল্লাহ। এরই মধ্যে এ সংক্রান্ত একটি আবেদনও তিনি নির্বাচন কমিশনে (ইসি) দিয়েছেন। তিনি বলেন, “ধানের শীষের অনেকগুলো বাস্তিলে ১০০টি ব্যালট পেপার না দিয়েই গণনায় ১০০ হিসাবে দেখানো হয়েছে। দাঁড়িপাল্লার পোলিং এজেন্টের ভয়ভীতি দেখিয়ে কক্ষ থেকে বের করে দিয়ে তারপর রেজাল্ট শিট তৈরি করা হয়েছে। দাঁড়িপাল্লার এজেন্টদের আপত্তি উপেক্ষা করা হয়েছে। অনেক পোলিং এজেন্টকে রেজাল্ট শিটের মূল কপি সরবরাহ করা হয়নি।” মো. এনায়েত উল্লাহ আরও বলেন, “ভোট গণনার মাঝামাঝি সময়ে এসে ম্যানপুলেশন/রিগিংয়ের উদ্দেশ্যে গণনায় অহেতুক দেরি করা হয়েছে। কাউন্টার পার্টে এজেন্টদের স্বাক্ষর নেওয়া হয়নি। প্রিসাইডিং অফিসারের এসব অনিয়মকে তুলে ধরে ১২ ফেব্রুয়ারি রিটার্নিং অফিসার কার্যালয়ে লিখিত আপত্তি জানানো হয়েছে। সার্বিকভাবে এসব অনিয়মের কারণে নির্বাচনি এলাকার ভোটারদের রায়ের সঠিক প্রতিফলন হয়নি। ভোট পুনর্গুণনা হলে এসব অনিয়মের সত্যতা প্রকাশিত হবে, সঠিক ভোট সংখ্যা জানা যাবে। অনতিবিলম্বে ফলাফল ঘোষণা স্থগিত রেখে ভোট পুনর্গুণনার দাবি জানাচ্ছি।” (জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রনি)

## **জুলাই সনদ অক্ষরে অক্ষরে পালন করা হবে : সালাহউদ্দিন আহমদ**

জুলাই সনদকে রাজনৈতিক সমঝোতার প্রতীক হিসেবে আখ্যায়িত করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। এ সনদ অক্ষরে অক্ষরে পালন করা হবে বলেও জানান তিনি। তিনি বলেন, “জুলাই সনদ রাজনৈতিক সমঝোতার প্রতীক এবং তা অক্ষরে অক্ষরে পালন করা হবে।” তরুণ প্রজন্মের প্রত্যাশা অনুযায়ী মেধানির্ভর ও প্রযুক্তিনির্ভর দেশ গঠনের লক্ষ্যে সবার সহযোগিতা কামনা করেন তিনি।

(জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রানি)

## **বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্ব আরও শক্তিশালী করতে প্রস্তুত চীন**

বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্ব আরও শক্তিশালী করার জন্য কাজ করতে প্রস্তুত বলে জানিয়েছে চীন। বাংলাদেশের সাধারণ নির্বাচনের ফলাফল নিয়ে শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) এক প্রতিক্রিয়ায় চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখ্যপাত্র এ কথা বলেন। দেশের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) অনুষ্ঠিত হয়। এতে প্রাথমিকভাবে প্রকশিত ২৯৭টি আসনের ফলাফলে দেখা গেছে, বিএনপি ২০৯টি আসনে জয়ী হয়েছে। এ বিষয়ে চীনের মন্তব্য জানতে চাইলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখ্যপাত্র বলেন, “চীন উল্লেখ করছে যে, বাংলাদেশে একটি দৃঢ় ও নির্বিঘ্ন সাধারণ নির্বাচন হয়েছে এবং এতে জয়লাভের জন্য বিএনপিকে অভিনন্দন জানাচ্ছে।” বাংলাদেশের ঐতিহ্যবাহী বন্ধু এবং প্রতিবেশী হিসেবে চীন বাংলাদেশকে তার অভ্যন্তরীণ রাজনৈতিক কার্যাবলি এগিয়ে নিতে সমর্থন করে বলে মুখ্যপাত্র উল্লেখ করেন। সেই সঙ্গে বলেন, চীন সময়ের পরীক্ষায় সম্মানিত বন্ধুত্বকে এগিয়ে নিতে, উচ্চমানের বেল্ট অ্যান্ড রোড সহযোগিতাসহ বিভিন্ন ক্ষেত্রে ব্যবহারিক সহযোগিতা গভীরতর করতে এবং চীন-বাংলাদেশ সমন্বিত কৌশলগত সহযোগিতামূলক অংশীদারিত্বকে আরও শক্তিশালী করতে বাংলাদেশের সঙ্গে কাজ করতে প্রস্তুত।

(জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রানি)

## **ফলাফল স্থগিত চান বিএনপির আকবর, অন্যথায় মামলার ছুটি**

সিরাজগঞ্জ-৪ (উল্লাপাড়া) আসনের ফলাফলে অসংগতি রয়েছে দাবি করে ভোট পুনঃগণনার জন্য আবেদন করেছে বিএনপি মনোনীত প্রার্থী এম আকবর আলী। এম আকবর আলীর অভিযোগ, সিরাজগঞ্জ-৪ আসনে মোট ১৪৭টি কেন্দ্রের বেসরকারি ফলাফলে তিনি ধানের শীষ প্রতীকে ১ লাখ ৬০ হাজার ৪৫৮ ভোট পান। জামায়াতের প্রার্থী মওলানা রফিকুল ইসলাম খান দাঁড়িপাল্লা প্রতীকে পান ১ লাখ ৫৯ হাজার ৬৯৩ ভোট, যা তার চেয়ে ৭৬৫ ভোট কম। ভোট গণনা শেষে সহকারী রিটার্নিং কর্মকর্তা এটিএম আরিফ এই ফলাফল ঘোষণা করেন। পরে উপজেলা কার্যালয়ে থেকে ফলাফল জেলা রিটার্নিং কার্যালয়ে নেওয়া হয়। সেখানে ধানের শীষ ও তার কোনো সমর্থক উপস্থিত ছাড়াই পোস্টাল ব্যালটের ভোট যুক্ত করে বেসরকারি চূড়ান্ত ফলাফল ঘোষণা করে। তাতে দাঁড়িপাল্লা প্রতীকে ২ হাজার ১৭৯টি ও ধানের শীষ প্রতীকে ৮২০টি পোস্টাল ব্যালটের ভোট দেখানো হয়। এতে ধানের শীষ প্রতীককে ৫৯৪ ভোটে পরাজিত ঘোষণা করেন জেলা রিটার্নিং কর্মকর্তা। এমন ফলাফলকে পূর্বপরিকল্পিত ও সন্দেহজনক বলে দাবি করেন তিনি। আবেদনে আকবর আলী আরও বলেন, ভোট চলাকালে নির্বাচনি এলাকার বেশ কয়েকটি কেন্দ্রে থেকে তার এজেন্টদের বের করে দেওয়া হয়েছিল। কিন্তু সুষ্ঠু ও অবাধ নির্বাচনের প্রতি আস্থা রেখে কোনো প্রতিবাদ করেননি। তবে নির্বাচন কমিশন ঘোষিত ফলাফল স্থগিত না করলে, ন্যায়বিচারের স্বার্থে আদালতে মামলা করবেন বলে জানান।

(জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রানি)

## **ঝালকাঠিতে চাঁদাবাজি করতে দেব না : ইলেন ভুট্টো**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বরিশাল বিভাগের ২১টি আসনের মোট ১২৪ জন প্রার্থীর মধ্যে একমাত্র নারী প্রার্থী হিসেবে বিজয়ী হয়েছেন ইসরাত সুলতানা ইলেন ভুট্টো। তিনি বিএনপি মনোনীত প্রার্থী হিসেবে ঝালকাঠি-২ (সদর-নলছিটি) আসন থেকে বিপুল ভোটে নির্বাচিত হয়েছেন। বিজয়োত্তর প্রতিক্রিয়ায় ইলেন ভুট্টো বলেন, “এই বিজয় ঝালকাঠির সোনার মানুষের। এই বিজয় জাতীয়তাবাদী শক্তির বিজয়, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শের বিজয়, দেশনেত্রী খালেদা জিয়ার বিজয় এবং আমাদের প্রিয় নেতা তারেক রহমানের নেতৃত্বের বিজয়।” তিনি বলেন, “আমি নির্বাচিত হওয়ার আগেও বলেছি, এখনো বলছি, ঝালকাঠিতে চাঁদাবাজি হতে দেব না, করতেও দেব না। সাধারণ মানুষ যেন নির্ভয়ে ব্যবসা-বাণিজ্য ও দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করতে পারে, সে পরিবেশ নিশ্চিত করা হবে।”

(জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রানি)

## **বাগেরহাটে নির্বাচন পরবর্তী পাল্টাপাল্টি হামলা-ভাঙ্গুরের অভিযোগ**

বাগেরহাটের বিভিন্ন স্থানে নির্বাচন পরবর্তী হামলা-পাল্টা হামলা, ভাঙ্গুর ও সংঘর্ষের খবর মিলেছে। এসব ঘটনায় অন্তত ৩৫ জন আহত হয়েছেন বলে জানা যায়। পুলিশ আটক করেছে দু-জনকে। বাগেরহাট সদর উপজেলার বিষুণ্পুর ইউনিয়নের মান্দা গ্রামে ওয়ার্ড জামায়াতের সেক্রেটারি কারি মোল্লা, জামায়াত কর্মী জাহাঙ্গীর শেখ, ইয়াকুব আলী হাওলাদার ও মশিউর রহমানসহ ৫-৬ জনের বাড়িবর ভাঙ্গুরের অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনার জেরে শুক্রবার সকালে ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মিরাজুল ইসলামের বাড়িসহ ৭-৮ বিএনপি কর্মীর বাড়িতে হামলা ও ভাঙ্গুর করা হয়েছে। খবর পেয়ে যৌথ বাহিনীর সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ঘটনায় জড়িত

সন্দেহে পুলিশ ওই এলাকা থেকে ইমরান ও তারেক নামে দু-জনকে আটক করেছে। বাগেরহাটের কচুয়া উপজেলার চন্দপাড়া এলাকায় বিএনপি প্রার্থী ভোট কর পাওয়ায়, স্থানীয় এক ব্যবসায়ীর কাছে চাঁদা দাবিও না পেয়ে মারধরের অভিযোগ উঠেছে। আহত অবস্থায় ব্যবসায়ী শেখ আব্দুস সালামকে উদ্ধার করে খুলনার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। তার বাড়ি চন্দপাড়া গ্রামে। কচুয়া উপজেলার গোপালপুর শহিদ আসাদ মোল্লা, মোশারেফ শেখ ও শফিক মীর নামে বিএনপির তিনিদের আহত হয়েছেন। (জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রনি)

### **দক্ষিণ এশিয়া ও বিশ্বের জন্য তারেক রহমানের নেতৃত্ব কর্তৃত গুরুত্বপূর্ণ**

যুক্তরাজ্যে ১৭ বছরের নির্বাসিত জীবন কাটিয়ে দেশে ফেরার সাত সপ্তাহের মাথায় বাংলাদেশের নতুন প্রধানমন্ত্রী হতে চলেছেন তারেক রহমান। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি জোট এখন পর্যন্ত সর্বাধিক ২১২ টি আসনে জয় পেয়েছে। ছাত্র-জনতার অভ্যর্থনারে ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর চলতি বছরের জানুয়ারি মাসে তারেক রহমানের সাক্ষাৎকার নিয়েছে যুক্তরাষ্ট্রের প্রভাবশালী সাময়িকী টাইম। এ সাক্ষাৎকারে দক্ষিণ এশিয়ার দ্বিতীয় বৃহত্তম অথনীতিকে নতুনভাবে গড়তে এবং সামাজিক বিভাজন দূর করার পরিকল্পনা তুলে ধরেছিলেন তারেক রহমান। পরিকল্পনার বিষয়ে তারেক রহমানকে প্রশ্ন করা হয়েছিল, তার কাছে কোন কোন বিষয় অগ্রাধিকার পাবে। জবাবে তিনি বলেছেন, প্রথমেই প্রয়োজন “আইনের শাসন নিশ্চিত করা।” তারেক আরও বলেন, “দ্বিতীয়ত, আর্থিক শৃঙ্খলা ফিরিয়ে আনা। তৃতীয়টি হবে, দেশকে ঐক্যবদ্ধ করার চেষ্টা করে যাওয়া। আমাদের রাজনৈতিক কর্মসূচি যা-ই হোক, আমরা যে নীতিই গ্রহণ করি না কেন, যদি দেশকে ঐক্যবদ্ধ করতে না পারি, তবে দেশকে সামনে এগিয়ে নেওয়া সম্ভব হবে না।” টাইমের বিশেষ ওই সাক্ষাৎকারের কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরে এ প্রতিবেদন প্রকাশিত হয়েছে। (জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রনি)

### **যশোরে জামায়াত নেতা-কর্মীদের ওপর হামলা-বাড়িব্রহ্ম ভাঙ্গুরের অভিযোগ**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন পরবর্তী সহিংসতায় যশোরের ছয়টি সংসদীয় এলাকায় অন্তত ৩০টি হামলায় জামায়াতের অধৰ্ষতাধিক কর্মী, সমর্থক আহত ও বাড়িব্রহ্ম ভাঙ্গুরের অভিযোগ করেছে জেলা জামায়াতে ইসলামী। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) সন্ধ্যায় সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন যশোরের পাঁচটি আসনে জয়ী জামায়াত মনোনীত প্রার্থীরা। অধ্যাপক গোলাম রসূল বলেন, ব্যালট বিপ্লবে যশোরের ছয়টি আসনের পাঁচটিতে জামায়াত নেতৃত্বাধীন ১১ দলীয় এক্যের পাঁচজন বিপুল ভোটের ব্যবধানে জয়লাভ করেন। ভোটের ফলাফল প্রকাশের পর দাঁড়িপাল্লা প্রতীকের ভোটার কর্মী ও নেতা-কর্মীদের ওপর হামলা করা হচ্ছে। বৃহস্পতিবার বিকরগাছার নাভারণ ইউনিয়নের বায়সা গ্রামের বিএনপির কর্মীরা জামায়াতের সমর্থক রেজাউল হোসেনের পেটে ছুরিকাঘাত করেছেন। আহত রেজাউল শার্শা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন। অধ্যাপক গোলাম রসূল বলেন, ব্যালট বিপ্লবে যশোরের ছয়টি আসনের পাঁচটিতে জামায়াত নেতৃত্বাধীন ১১ দলীয় এক্যের পাঁচজন বিপুল ভোটের ব্যবধানে জয়লাভ করেন। ভোটের ফলাফল প্রকাশের পর দাঁড়িপাল্লা প্রতীকের ভোটার কর্মী ও নেতা-কর্মীদের ওপর হামলা করা হচ্ছে। বৃহস্পতিবার বিকরগাছার নাভারণ ইউনিয়নের বায়সা গ্রামের বিএনপির কর্মীরা জামায়াতের সমর্থক রেজাউল হোসেনের পেটে ছুরিকাঘাত করেছেন। আহত রেজাউল শার্শা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন। (জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রনি)

### **গাজীপুরে ঝুট গুদামে ভয়াবহ আগুন**

গাজীপুর সিটি কর্পোরেশনের কোনাবাড়ী থানাধীন আমবাগ ঈদগাঁ ময়দানের পাশে ঝুট গুদামে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এলাকাবাসী জানায়, আমবাগ ঈদগাঁ মাঠে পশ্চিম পাশে একটি ঝুট গুদামে আগুন লাগে। আগুন মুহূর্তের মধ্যে পুরো গুদামে ছড়িয়ে পড়ে। খবর পেয়ে কোনাবাড়ী মডার্ন ফায়ার সার্ভিসের দুটি ইউনিট কর্মীরা ঘটনাস্থলে পৌঁছায়। দেড় ঘণ্টার চেষ্টায় রাত ৯টার দিকে তারা আগুন নিয়ন্ত্রণে আনে। এ ঘটনায় হতাহতের কোনো খবর পাওয়া যায়নি। (জাগো এফ এম ওয়েবপেইজ: ১৩.০২.২৬ রনি)

### **রেডিও টুডে**

#### **তারেক রহমানকে শুভেচ্ছা জানালো ব্রিটিশ হাইকমিশন**

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি এবং তারেক রহমানের নির্বাচনি জয়ে শুভেচ্ছা জানিয়েছে ব্রিটিশ হাইকমিশন। আজ শুক্রবার ঢাকায় অবস্থিত ব্রিটিশ হাইকমিশন থেকে প্রকাশিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ব্রিটিশ হাইকমিশনের পক্ষ থেকে বলা হয়, বাংলাদেশ জাতীয়তাবাদী দল এবং তারেক রহমানের নির্বাচনি জয়ে আপনাদের ও বাংলাদেশের জনগণকে অভিনন্দন, যেহেতু দেশটি একটি নতুন অধ্যায়ে পদাপর্ণ করল। আগামীতে একসঙ্গে কাজ করার প্রতিশ্রুতি দিয়ে ব্রিটিশ হাইকমিশন বলেছে, আমরা অংশীদারিত্বের ভিত্তিতে একসঙ্গে অর্থনৈতিক প্রবৃদ্ধি, অভিবাসন, জলবায়ু ও নিরাপত্তা বিষয়ে কাজ করতে মুখিয়ে আছি। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ আসাদ)

#### **বিএনপি জোট ২১২, জামায়াত নেতৃত্বাধীন জোট ৭৭**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৯৭ আসনের আনুষ্ঠানিক ফলাফল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। শুক্রবার ঘোষিত এ ফলাফলে দেখা গেছে, বিএনপি ও তার মিত্ররা পেয়েছে ২১২টি আসন। অন্যদিকে, বাংলাদেশ জামায়াতে

ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় নির্বাচনি এক্য পেয়েছে ৭৭টি আসন। এর বাইরে ইসলামী আন্দোলন বাংলাদেশ ১টি ও স্বতন্ত্রা পেয়েছে ৩টি আসন। বিএনপি একক দল হিসেবে ২০৯টি আসন পেয়েছে, জামায়াতে ইসলামী ৬৮টি আসন, জাতীয় নাগরিক পার্টি ৬টি, বাংলাদেশ খেলাফত মজলিশ ২টি, খেলাফত মজলিশ ১টি, বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপি ১টি, গণসংহতি আন্দোলন ১টি, গণঅধিকার পরিষদ ১টি আসন পেয়েছে। বাংলাদেশ জামায়াতে ইসলামীর প্রার্থী নুরজামান বাদলের মৃত্যুর কারণে শেরপুর-৩ আসনের নির্বাচন স্থগিত করেছে নির্বাচন কমিশন। এ ছাড়া, আইনি জিলিতার কারণে চট্টগ্রাম-২, চট্টগ্রাম-৪ ও শেরপুর-২ আসনের ফলাফল স্থগিত রাখা হয়েছে বলে জানিয়েছে ইসি। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ আসাদ)

### **আইন অনুযায়ী হাসিনার প্রত্যর্পণ চাইবে বিএনপি : সালাহউদ্দিন**

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, ক্ষমতাচুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিচারের মুখোমুখি করতে ভারতের কাছে আনুষ্ঠানিকভাবে প্রত্যর্পণের অনুরোধ জানাবে তার দল। তিনি বলেন, আমরা আইন অনুযায়ী তার প্রত্যর্পণের দাবি জানাব। এটি বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় ও ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিষয়। আমরা ভারত সরকারের কাছে দাবি জানাব, তাকে যেন বিচারের মুখোমুখি করার জন্য ফেরত পাঠানো হয়। শুক্রবার বিকেল ৩টায় রাজধানীর গুলশানে দলীয় চেয়ারম্যানের কার্যালয়ের সামনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ আসাদ)

### **বিএনপিকে ‘হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য’ পরিষদের অভিনন্দন**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয় লাভ করায় বিএনপি জোটকে অভিনন্দন জানিয়েছে বাংলাদেশ ‘হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য’ পরিষদ। আজ শুক্রবার এক বিবৃতিতে এ শুভেচ্ছা জানানো হয়। বিবৃতিতে নির্বাচন শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হওয়ায় অন্তর্ভুক্ত সরকার, নির্বাচন কমিশন, সেনাবাহিনী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষ ও সকল রাজনৈতিক দলকে আন্তরিক ধন্যবাদ জানানো হয়। ভবিষ্যতেও গণতান্ত্রিক বাংলাদেশ বিনির্মাণে সকল প্রকার অশান্তি ও বিশ্রঙ্খলার বিরুদ্ধে একই ধারা অব্যাহত থাকবে বলেও আশা প্রকাশ করা হয় বিবৃতিতে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ আসাদ)

### **ডিসি অফিস ঘেরাও করে ঘষ্টাব্যাপী বিক্ষোভ বিএনপির নেতা-কর্মীদের**

পাবনা-৩ ও পাবনা-৪ আসনে ভোট পুনরায় গণনার দাবিতে পাবনা জেলা প্রশাসক ও জেলা রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ের সামনে অবস্থান নিয়ে বিক্ষোভ করছে বিএনপির নেতা-কর্মীরা। শুক্রবার বেলা ৪টার দিকে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে অবস্থান নেয় পাবনা-৩ ও পাবনা-৪ আসনের বিএনপির নেতা-কর্মীরা। এ সময় ভোট পুনঃগণনার দাবিতে বিভিন্ন স্নেগান দিতে থাকেন। বিএনপির নেতা-কর্মীদের বিক্ষোভ ঘিরে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়। প্রধান গেট বন্ধ করে কার্যালয়ের সামনে পুলিশ, বিজিবির পাশাপাশি অতিরিক্ত সেনা মোতায়েন করা হয়। বেলা ৫টার দিকে জেলা প্রশাসক সেনাবাহিনী প্রহরায় তার কার্যালয়ে আসেন। পরে পাবনা-৩ এর বিএনপির পরাজিত প্রার্থী কৃষিবিদ হাসান জাফির তুহিন ও পাবনা-৪ এর বিএনপি পরাজিত প্রার্থী হাবিবুর রহমান হাবিবসহ জেলা বিএনপির নেতৃবৃন্দ জেলা প্রশাসকের সাথে বৈঠকে বসেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ আসাদ)

### **তারেক রহমানকে ফোন করেছেন নরেন্দ্র মোদী**

নির্বাচনে জয় লাভ করায় তারেক রহমানকে অভিনন্দন জানানোর পর, ফোন করেও কথা বলেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আজ শুক্রবার সামাজিক যোগাযোগ মাধ্যম এঞ্চে এক পোস্টে তিনি এ কথা জানান। বিএনপি চেয়ারম্যান মি. রহমানের সঙ্গে ফোনে কথা বলে তিনি ‘আনন্দিত’ জানিয়ে ওই পোস্টে মি. মোদী আরও লেখেন, বাংলাদেশের মানুষের আকাঙ্ক্ষা পূরণে তারেক রহমানের প্রচেষ্টায় তার সমর্থন ও শুভকামনা থাকবে। “যেহেতু প্রতিবেশী দুই দেশ ঐতিহাসিক ও সাংস্কৃতিক গভীর বন্ধনে আবদ্ধ, আমি ভারতের পক্ষ থেকে বাংলাদেশ ও দুই দেশের জনগণের শান্তি, অগ্রগতি ও সমন্বয়ের প্রতি অব্যাহত অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছি,” পোস্টে বলেন তিনি।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ এলিনা)

### **তারেক রহমানকে বিজয়ের শুভেচ্ছা মার্কিন দূতাবাসের**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ের জন্য বিএনপি ও দলটির চেয়ারম্যান তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়েছে ঢাকার মার্কিন দূতাবাস। শুক্রবার সকাল ৭টা ৪৮ মিনিটে ঢাকার মার্কিন দূতাবাসের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এই শুভাচ্ছা জানানো হয়। পোস্টে বলা হয়, “একটি সফল নির্বাচন আয়োজনের জন্য বাংলাদেশের জনগণকে অভিনন্দন। বিএনপি এবং তারেক রহমানকে তাদের ঐতিহাসিক বিজয়ের শুভেচ্ছা।” ঢাকার মার্কিন দূতাবাসের ফেসবুক পোস্টে আরও বলা হয়, “আমাদের দুই দেশের সমন্বয় ও নিরাপত্তার অভিন্ন লক্ষ্য বাস্তবায়নে আপনাদের সাথে কাজ করার জন্য যুক্তরাষ্ট্র আগ্রহী।” (রেডিও টুডে ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ এলিনা)

## জনগণের রায় গণতন্ত্রের পক্ষে ঐতিহাসিক বার্তা : মাহদী আমিন

অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরক্ষুশ বিজয় লাভ করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। দলটির নির্বাচন পরিচালনা কমিটির মুখ্যপাত্র মাহদী আমিন সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বলেন, এ বিজয় বিএনপির একার নয়, সমগ্র বাংলাদেশের। দীর্ঘ প্রতীক্ষার পর জনগণ তাদের ভৌটিকার প্রয়োগের মাধ্যমে যে রায় দিয়েছে, তা গণতন্ত্রের পক্ষে ঐতিহাসিক বার্তা। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) দুপুরে গুলশানে বিএনপি চেয়ারম্যানের কার্যালয়ের সামনে সাংবাদিকদের সঙ্গে আলাপ করেন মাহদী আমিন। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ এলিনা)

### যে ৪ আসনে জিতল ‘না’ ভোট

অয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের এখন পর্যন্ত প্রাপ্ত তথ্যমতে, গণভোটে বান্দরবান, রাঙামাটি, খাগড়াছড়ি ও চট্টগ্রাম-১৩ আসনে ‘না’ জয়ী হয়েছে। তবে এই সংখ্যা আরও বাঢ়তে পারে। শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) নির্বাচন কমিশনের ফলাফল শিট থেকে এ তথ্য জানা গেছে। ইসি জানিয়েছে, বান্দরবানে ‘হ্যাঁ’ ভোট পড়েছে ৭১ হাজার ৪১৭টি, ‘না’ ভোট পড়েছে ৯০ হাজার ১৫৬টি। মোট ভোটার ৩ লাখ ১৫ হাজার ৪২২ জন। চট্টগ্রাম-১৩ আসনে ‘হ্যাঁ’ ভোট পড়েছে ৮০ হাজার ৫৮০টি। বিপরীতে ‘না’ ভোট পড়েছে ১ লাখ ২৪ হাজার ৬২৯টি। মোট ভোটার ৩ লাখ ৯৫ হাজার ২৪৬ জন। রাঙামাটিতে ‘হ্যাঁ’ ভোট পড়েছে ৭১ হাজার ৬৯৯টি এবং ‘না’ ভোট পড়েছে ১ লাখ ৭৯ হাজার ৮০৫টি। মোট ভোটার ৫ লাখ ৯ হাজার ২৬৭ জন। এ ছাড়া, খাগড়াছড়িতে ‘হ্যাঁ’ ভোট পড়েছে ১ লাখ ৪৪ হাজার ৩৫৫টি এবং ‘না’ ভোট পড়েছে ১ লাখ ৫৫ হাজার ৯৪২টি। মোট ভোটার ৫ লাখ ৫৪ হাজার ১১৩ জন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৩.০২.২০২৬ এলিনা)

## BBC

### BANGLADESH NATIONALIST PARTY SWEEPS TO VICTORY IN FIRST ELECTION SINCE GEN Z UPRISING

The center-right Bangladesh Nationalist Party (BNP) has secured a landslide majority in parliament, 18 months after mass protests ousted the country's longest serving prime minister Sheikh Hasina. The party took more than two-thirds of seats in the historic general election, with Jamaat, the country's main Islamist party, coming second. Hasina's Awami League was banned from taking part. BNP leader Tarique Rahman is set to be the next prime minister and faces huge challenges in getting the economy back on its feet and restoring democracy after 15 years of authoritarian rule under Hasina. Voters also backed sweeping democratic reforms in a referendum held alongside the election. "I am grateful for the love you have shown me," Tarique Rahman told well-wishers in Dhaka as he attended Friday prayers. His party has said there would be no victory procession. He was elected to parliament for the first time as one of 212 successful BNP candidates. The Election Commission put voter turnout at 59.44%. It is a huge change of fortunes for a man who spent 17 years in self-imposed exile in London. He took over as head of his party after his mother, former PM Khaleda Zia, died in December. During his campaign, Tarique Rahman promised that democracy would be restored. Reviving the country's economy, bringing rising food prices under control and creating jobs for Bangladesh's huge young population are the big challenges facing the new government. Repairing strained ties with giant neighbour India is also high up the list of priorities. Within hours of his win, Rahman had received a call from India's Prime Minister Narendra Modi who congratulated him on a "remarkable victory". "As two close neighbours with deep-rooted historical and cultural ties, I reaffirmed India's continued commitment to the peace, progress, and prosperity of both our peoples," Modi wrote on X. Although the BNP are promising to lead change in the country, the party was criticized for corruption and accused of human rights violations when it was last in government in the early 2000's. Thursday's democratic exercise is a moment of huge potential - and risk - for the country, with one of its two main parties winning such a big victory. Among the constitutional reforms envisaged are prime ministerial term limits, a directly elected upper house of parliament, stronger presidential powers and increased judicial independence. Greater representation of women in parliament is also in the charter - and judging by the tiny number of successful female candidates in the election, there is a long way to go. Tarique Rahman will be under great scrutiny to deliver to a very youthful electorate hungry for change, many of whom took part in the student-led protests that resulted in Hasina's downfall, paving the way for the 12 February election.

(BBC News Web Page: 13/02/26, FARUK)

## **RUBIO WARNS EUROPE OF NEW ERA IN GEOPOLITICS BEFORE BIG MUNICH SPEECH**

US Secretary of State Marco Rubio has spoken of a defining moment and a “new era” as he travels to Europe for a major speech to the Munich Security Conference. Rubio will lead the US delegation at the first major global event since President Donald Trump threatened Danish sovereignty with a pledge to annex Greenland. French President Emmanuel Macron has insisted Europe must prepare for independence from the US, while Nato Secretary General Mark Rutte has stressed that transatlantic bonds are as close and important as ever. The war in Ukraine, tensions with China and a potential nuclear deal between Iran and the US are also on the agenda as the security conference gets under way.

(BBC News Web Page: 13/02/26, FARUK)

## **JAPAN SAYS IT SEIZED CHINESE VESSEL AMID TENSIONS WITH BEIJING**

Japanese authorities say they have seized a Chinese fishing vessel that tried to flee when ordered to stop for an inspection, in a move that may further fuel tensions with Beijing. The boat was in Japan’s exclusive economic zone off Nagasaki Prefecture in the south-west when it was intercepted and its captain arrested on Thursday, according to the country’s fisheries agency. “The vessel’s captain was ordered to stop for an inspection by a fisheries inspector, but the vessel failed to comply and fled,” the fisheries agency said. The seizure is the first time since 2022 that the agency has seized a Chinese fishing boat. China has yet to react to Japan’s statement. (BBC News Web Page: 13/02/26, FARUK)

## **IRAN FORTIFIES UNDERGROUND COMPLEX NEAR NUCLEAR SITE, SATELLITE IMAGES SHOW**

Iran has been fortifying an underground complex near one of its nuclear facilities, according to analysis of new satellite images. This activity comes at a time of heightened tensions as talks between Iranian and US officials continue, with President Donald Trump threatening fresh military action against Iran if it does not agree a new deal on its nuclear programme. The photos, first analysed by the Institute for Science and International Security (ISIS), a US-based think tank, show tunnel entrances being strengthened at Mount Kolang Gaz La – also known as Pickaxe Mountain. (BBC News Web Page: 13/02/26, FARUK)

## **KENYA’S BORDER WITH SOMALIA SET TO REOPEN AFTER ALMOST 15 YEARS**

Kenya’s border with Somalia will re-open in April almost 15 years after it shut because of attacks by Islamist militant group al-Shabab, President William Ruto has announced. Based in Somalia, the group has masterminded a series of deadly assaults in Kenya including one on a shopping centre in the capital, Nairobi, killing 67 people in 2013 and one at a university in Garissa two years later killing 148. The plan has been announced before, in 2023, but further attacks postponed the arrangements. Ruto said the intention to re-open two crossings follows years of security assessments, adding that there will be a heavy deployment of security forces to ensure the move does not compromise safety.

(BBC News Web Page: 13/02/26, FARUK)

**:: THE END ::**